দৈনিক
# মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা শুক্রবার ॥ বর্ষ-২ সংখ্যা-১৫২ ॥ ২০ সেপ্টেম্বর ২০২৪ ॥ ০৫ আশ্বিন ১৪৩১ বাংলা ॥ ১৬ রবিঃ আউঃ ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ॥ মূল্য ৫ টাকা

## দেশবাসীর অধিকার ফিরিয়ে দিতে হবে: দুদু

**স্টাফ রিপোর্টার :** বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেছেন, এ দেশের মানুষ গণতন্ত্রের জন্য, স্বাধীনতার জন্য একাত্তর সালে রক্ত দিয়েছে। সেই গণতন্ত্র আমরা বারবার হারিয়েছি। এখন একটা সম্ভাবনা দেখা দিয়েছে, সেটাকে কাজে লাগানোর জন্য আমি এই সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূস ও উপদেষ্টাদের আহ্বান জানাবো। বেশি সময় নষ্ট করা ঠিক হবে না, দেশবাসীকে পরীক্ষায় ফেলা ঠিক হবে না। তাদের অধিকার ফিরিয়ে দিতে হবে। গত ১৬ বছর তারা ভোট দিতে পারেনি। এখনও যদি দিতে না পারে তাহলে সেটা দুঃখজনক হবে, এটা ঠিক হবে না। গতকাল বৃহস্পতিবরা জাতীয় প্রেস ক্লাবের সামনে 'দেশ বাঁচাও মানুষ বাঁচাও' আন্দোলনের উদ্যোগে 'গণহত্যাকারী খুনি শেখ হাসিনার ও তার দোসরদের বিচারের দাবিতে' এক মানববন্ধনে তিনি এসব কথা বলেন।



# অর্থ পরিশোধ না করায় শঙ্কায় নন-ইউরিয়া সার আমদানি

**স্টাফ রিপোর্টার :** সারের মূল্য পরিশোধ না করায় সরবরাহকারী চার দেশ সার রফতানির চুক্তি বাতিল করেছে। বিগত সরকারের আমলে আমদানি করা সারের প্রায় এক হাজার কোটি টাকা পরিশোধ করা হয়নি। আর চুক্তির খেলাপ হওয়ার কারণেই সরবরাহকারী দেশ বাংলাদেশের সঙ্গে সার রপ্তানির চুক্তি বাতিল করে। এমন অবস্থায় তিন মাস ধরে বন্ধ রয়েছে নন-ইউরিয়া জাতীয় সার আমদানি। তবে অন্তবর্তী সরকার ঋণ পরিশোধ করে পুনরায় সার আমদানির দ্রুত উদ্যোগ নিয়েছে। কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, বাংলাদেশে সার রপ্তানি করা চারটি দেশ হলো চীন, সৌদি আরব, মরক্কো ও কানাডা। বর্তমান সরকার ওসব দেশের সারের বকেয়া অর্থ পরিশোধ করে আমদানি শুরু করতে চাচ্ছে। অন্তবর্তী সরকার এর মধ্যে চীনের বকেয়া অর্থ আংশিকভাবে পরিশোধ করেছে। চীনের পাওনা ৬০ লাখ ডলার পরিশোধ করা হয়েছে। আরো প্রায় দুই কোটি ৫৩ লাখ ডলার বকেয়া পরিশোধের জন্য অর্থ ছাড়করণ অনুমোদন করা হয়েছে। ওই অর্থ থেকে সৌদি আরবের এক কোটি ৫৮ লাখ ডলার এবং মরক্কোর জন্য ৮৪ লাখ ৯০ হাজার ডলার এবং কানাডার জন্য ১০ লাখ ডলার পরিশোধ করা হবে। অর্থ পাওয়া মাত্র বকেয়া বাকি অর্থ পরিশোধ



করা হবে। আর বকেয়া অর্থ পরিশোধ করতে পারলে অন্যান্য দেশ থেকে সার আমদানি আরো সহজ হবে। সূত্র জানায়, দেশে প্রায় ৬৫ লাখ টন সারের চাহিদা রয়েছে। এর মধ্যে ২৬ লাখ টন ইউরিয়া, সাড়ে সাত লাখ টন টিএসপি (ট্রিপল সুপার ফসফেট), সাড়ে ১৬ লাখ টন ডিএপি (ডাই-অ্যামোনিয়া ফসফেট) এবং সাড়ে আট লাখ টন এমওপি সারের চাহিদা রয়েছে। এ ছাড়া অন্যান্য সারের চাহিদা প্রায় আট লাখ টন। এর মধ্যে দেশে ইউরিয়া সার উৎপাদন হয় ৯-১০ লাখ টন। ইউরিয়া সার মূলত মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশ থেকে আমদানি করা হয়। এ ছাড়া টিএসপি, ডিএপি ও এমওপি সার আমদানি করা হয়। সব মিলিয়ে ২০২৩-২৪ অর্থবছরে প্রায় ২৪ হাজার কোটি টাকার ভর্তুকি দিতে হয়েছে।

সূত্র আরো জানায়, সার আমদানি বাবদ গত ১২ সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশের কাছে সৌদি আরব পাবে এক কোটি ৫৮ লাখ ডলার, মরক্কোর পাওনা দুই কোটি ১০ লাখ ডলার এবং কানাডা পাবে এক কোটি ৩০ লাখ ডলার। এছাড়া এসব দেশ থেকে সার আমদানি করতে জাহাজভাড়া বকেয়া রয়েছে প্রায় তিন কোটি এক লাখ ডলার। সব মিলিয়ে সার কেনা বাবদ বাংলাদেশকে প্রায় আট কোটি আট লাখ ডলার পরিশোধ করতে হবে

২-এর পাতায় দেখুন

## প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে ২৯ লাখ টাকা সহায়তা দিল ইসি

**স্টাফ রিপোর্টার :** বন্যায় ক্ষতিগ্রস্থদের জন্য প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে ২৯ লাখ টাকা সহায়তা দিলেন নির্বাচন কমিশনের (ইসি) কর্মকর্তা-কর্মচারিরা। গতকাল বৃহস্পতিবরা গণমাধ্যমে এ তথ্য জানিয়েছেন ইসির জনসংযোগ পরিচালক মো. শরিফুল আলম। তিনি জানান, সাম্প্রতিক ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থদের সাহায্য-সহায়তা প্রদান করে বিপদগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ০১ দিনের মূল বেতন ২৯,০৮,২৬৯/- ( উনত্রিশ লক্ষ আট হাজার দুইশত উনসত্তর টাকা) "প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে" জমা প্রদানের লক্ষ্যে এসংক্রান্ত ০১টি চেক স্বাক্ষর করে প্রদান করা হয়েছে। সেটি প্রধান উপদেষ্টার কার্যালয় ইতোমধ্যে গ্রহণ করেছে। আগস্টে দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলে ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। এতে লাখ লাখ মানুষ ক্ষতিগ্রস্থ হন।

### ভারতীয় সংবাদমাধ্যম

## নিউইয়র্কে হবে না ড. ইউনূস-মোদির বৈঠক

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মাঝে কোনও বৈঠক হবে না। যদিও উভয় নেতাই জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে আগামী সপ্তাহে যুক্তরাষ্ট্রে যাচ্ছেন।বিষয়টি সম্পর্কে জানেন এমন কয়েকজন ব্যক্তি ও সূত্রের বরাত দিয়ে বুধবার (১৮ সেপ্টেম্বর) এই তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমস। সংবাদমাধ্যমটি বলছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী সপ্তাহে জাতিসংঘের সাধারণ অধিবেশনের ফাঁকে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সাথে দেখা করবেন বলে আশা করা হচ্ছে না। বিষয়টি সম্পর্কে অবগত ব্যক্তিরা বুধবার এই তথ্য জানিয়েছেন। হিন্দুস্তান টাইমসের দাবি, এই মাসের শুরুর দিকে বাংলাদেশের পক্ষ থেকে জাতিসংঘ সাধারণ পরিষদের সাইডলাইনে ড. মুহাম্মদ ইউনূস ও নরেন্দ্র মোদির মধ্যে বৈঠকের জন্য আনুষ্ঠানিক অনুরোধ করা হয়েছিল। বিষয়টি সম্পর্কে অবগত ব্যক্তিরা নাম প্রকাশ না করার শর্তে বলেছেন, শেখ হাসিনা সরকারের পতনের পর থেকে দ্বিপাক্ষিক সম্পর্কে যে টানাপোড়েন দেখা দিয়েছে তা দূর করতে সাহায্য করবে এই আশায় ঢাকা এই বৈঠকের বিষয়ে আগ্রহী।তারা বলেছেন, এ ধরনের বৈঠক ভারতের এজেন্ডার অংশ নয়। এছাড়াও যুক্তরাষ্ট্রে মোদির তিন দিনের সফর ব্যস্ত সময়সূচীতে পরিপূর্ণ থাকবে। মোদি আগামী ২১ সেপ্টেম্বর তিন দিনের সফরে দেশটিতে যাবেন। জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে বক্তৃতা করার পাশাপাশি চতুর্দেশীয় জোট 'কোয়াড'-এর শীর্ষবৈঠক এবং



২-এর পাতায় দেখুন

## বিশ্বব্যাংক সংস্কার চলা ব্যাংকিংখাতে সহযোগিতা করবে: অর্থ উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** দেশের সংস্কার চলা ব্যাংকিংখাতে বিশ্বব্যাংক সহায়তার আশ্বাস দিয়েছে বলে জানিয়েছেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেন, আমাদের ব্যাংকিংখাতে সংস্কার চলছে। এখানে তারা (বিশ্বব্যাংক) সাহায্য করবে। গতকাল বৃহস্পতিবরা বিশ্ব ব্যাংকের দক্ষিণ অঞ্চলীয় ভাইস প্রেসিডেন্ট মি. মার্টিন রাইজারের সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি এ কথা জানান। অর্থ উপদেষ্টা বলেন, স্বাস্থ্য ও জ্বালানি শক্তি খাত, খাদ্য, বন্যা ও রোহিঙ্গা শরণার্থীদের সাপোর্ট নিয়ে কথা হয়েছে। আমরা তাদের কাছে যে প্রস্তাবনা দিয়েছি তাতে তারা মোটামুটি ইতিবাচক। বিশ্বব্যাংকের সঙ্গে অন্য দাতা সংস্থাগুলো একত্রে সমন্বয় করার কথা বলা হয়েছে। তিনি আরও বলেন, কারিগরি সহায়তাসহ অন্যান্য বিষয়ে তাদের কোনো কার্পণ্য থাকবে না। দ্বিতীয়ত, আমাদের ব্যাংকিংখাতে সংস্কার চলছে। এখানে তারা

২-এর পাতায় দেখুন

### মেট্রোরেল

## ২০ লাখ টাকায় সংস্কার শেষে আজ খুলছে কাজীপাড়া স্টেশন

মেট্রোরেলের কাজীপাড়া স্টেশন চালু করতে আপাতত খরচ হয়েছে ২০ লাখ ৫০ হাজার টাকা। শুক্রবার (২০ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৩টা থেকে রাত ১০টা পর্যন্ত এই স্টেশনে থামবে মেট্রোরেল। এছাড়া আগামীকাল থেকে সপ্তাহে ৭ দিনই চলবে মেট্রোরেল।বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) বিকেলে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) প্রধান কার্যালয়ে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুর রউফ সাংবাদিকদের এই তথ্য জানান।২০ লাখ টাকায় সংস্কার শেষে শুক্রবার খুলছে কাজীপাড়া স্টেশন ডিএমটিসিএল এমডি আরও বলেন, ২০ সেপ্টেম্বর (শুক্রবার ) থেকে ট্রেন চলাচল শুরু হচ্ছে। এদিন বিকেল সাড়ে ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত উত্তরা উত্তর থেকে মতিঝিল রুটে এবং বিকেল ৩টা ৫০ মিনিট থেকে রাত ৯টা ৪০ মিনিট পর্যন্ত মতিঝিল থেকে উত্তরা উত্তর রুটে ১২ মিনিট হেডওয়েতে (দুই ট্রেনের মধ্যবর্তী সময়) মেট্রোরেল বাণিজ্যিকভাবে চলাচল করবে।
তিনি আরও বলেন, শুক্রবার থেকে চালু হচ্ছে ক্ষতিগ্রস্ত কাজীপাড়া মেট্রোরেল স্টেশন। ক্ষতিগ্রস্ত মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনও দ্রুত চালুর জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। প্রয়োজনীয় কার্যক্রম প্রক্রিয়াধীন।



## বৈদেশিক মুদ্রা আইনের মামলায় সালমান-আনিসুল রিমান্ডে

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর কোতোয়ালি থানার বৈদেশিক মুদ্রা আইনের এক মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান এবং আইনমন্ত্রী আনিসুল হকের ৫ দিনের রিমান্ডে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। এ নিয়ে চতুর্থ দফায় রিমান্ডে পাঠানো হলো তাদের। গতকাল বৃহস্পতিবরা সকালে শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. আরিফুর রহমানের আদালত এই আদেশ দেন। এদিন এই মামলায় তাদের গ্রেপ্তার দেখানোসহ সাত দিনের রিমান্ড চেয়ে আবেদন করেন তদন্ত কর্মকর্তা উপপরিদর্শক মো. রাশিদুল হাসান। আসামিপক্ষের আইনজীবীরা রিমান্ড বাতিল ও জামিন চেয়ে শুনানি করেন। অন্যদিকে রাষ্ট্রপক্ষ জামিনের বিরোধিতা করেন। উভয় পক্ষের শুনানি শেষে আদালত তাদের জামিনের আবেদন নামঞ্জুর করে এই রিমান্ডের আদেশ দেন। গত ১৩ আগস্ট রাজধানীর সদরঘাট

২-এর পাতায় দেখুন

## ডলার সংকটের কারণে দেশে গ্যাস-বিদ্যুতের ঘাটতি হবে না: উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা ফাওজুল কবির খান বলেন, 'ডলার সংকটের কারণে দেশে গ্যাস-বিদ্যুতের সংকট হবে না। যে লোডশেডিং ছিল, তা মোটামুটি কাটিয়ে ওঠা গেছে।' সামনে আরও কমবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি। গতকাল বৃহস্পতিবরা 'দেশে গ্যাসের মজুদ পরিস্থিতি এবং ভোলায় গ্যাসের সন্ধান বিষয়ক অপপ্রচার' নিয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব তথ্য জানান উপদেষ্টা। তিনি বলেন, ভোলা নর্থ গ্যাসক্ষেত্রে ২ টিসিএফ গ্যাস আছে, আর ২ দশমিক ৬ টিসিএফ গ্যাস রিসোর্স আছে; যেটা পাওয়া সম্ভব। তবে পত্রিকায় এসেছে, ভোলা গ্যাসক্ষেত্রে ৫ টিসিএফ গ্যাস রিজার্ভ রয়েছে, যা পুরোপুরি ভুল তথ্য। সারা দেশে আরও ১০০টি কূপ খনন করার উদ্যোগ নেওয়া হয়েছে জানিয়ে উপদেষ্টা বলেন, এখন থেকে উন্মুক্ত প্রতিযোগিতা ছাড়া কোনো প্রকল্প গ্রহণ করা হবে না এবং টেন্ডার দেওয়া হবে না। এসব ক্ষেত্রে বিশেষজ্ঞ কমিটির পরামর্শ নেওয়া হবে। কোনো অনিয়ম করতে দেওয়া হবে না। ভারতীয় কোম্পানি আদানির বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে জ্বালানি উপদেষ্টা বলেন, বাজেট সহায়তা হিসেবে বিশ্বব্যাংকের কাছে ১ বিলিয়ন ও এডিবির কাছে ১ বিলিয়ন ডলার চেয়েছে সরকার। এখান থেকে বিদ্যুৎ ও গ্যাসের পাওনা পরিশোধ করে সামনের সংকট কাটিয়ে ওঠার চেষ্টা করা হবে। রেন্টাল পাওয়ার প্ল্যান্ট প্রসঙ্গে তিনি বলেন, চুক্তি বলবৎ থাকায় রেন্টাল পাওয়ার প্ল্যান্ট নিয়ে আপাতত কোনো সিদ্ধান্ত হয়নি। চাইলেই চুক্তি বাতিল করা যায় না। এ বিষয়ে বিশেষজ্ঞ



২-এর পাতায় দেখুন



## শেখ হাসিনার ভারতে থাকা উচিত : শ্রীলঙ্কার প্রেসিডেন্ট

**আন্তর্জাতিক ডেস্ক :**বাংলাদেশের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারতে অবস্থান নিয়ে মন্তব্য করেছেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহে। ভারতীয় সংবাদমাধ্যম ফার্স্টপোস্টকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, অনেক নেতা দেশ ছেড়ে বিদেশে চলে যান। শেখ হাসিনার ক্ষেত্রেও যদি তিনি দেশের বাইরে থাকেন, তবে তাকে বাইরে থাকতে দিন। আমরা সবাই চাই বাংলাদেশ স্বাভাবিক অবস্থায় ফিরে আসুক। বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) সাক্ষাৎকারটি প্রকাশিত হয়েছে।৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে প্রধানমন্ত্রীর দায়িত্ব থেকে পদত্যাগ করে দেশে ছেড়ে ভারতে চলে যান শেখ হাসিনা। তার ভারতে অবস্থান নিয়ে বাংলাদেশ ও

২-এর পাতায় দেখুন




বৃহস্পতিবার রাজু ভাস্কর্যের সামনে তাবির এফ এইচ হল, জাবিসহ সারাদেশে হওয়া সকল হত্যাকাণ্ডের বিচারের দাবিতে মানববন্ধন করে নিপীড়নবিরোধী শিক্ষার্থীবৃন্দ।

## যাত্রাবাড়ী থানার সাবেক ওসি আবুল হাসান রিমান্ডে


**স্টাফ রিপোর্টার :** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় যাত্রাবাড়ী থানাধীন এলাকায় শিক্ষার্থী সাকিব হাসান নিহতের ঘটনায় গ্রেপ্তার সংশ্লিষ্ট থানার সাবেক ওসি আবুল হাসানের ৭ দিনের রিমান্ডে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। গতকাল বৃহস্পতিবরা সকালে শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. আরিফুর রহমানের আদালত এই রিমান্ডের আদেশ দেন। এরআগে মামলাটির তদন্ত কর্মকর্তা যাত্রাবাড়ী থানার সাব-ইন্সপেক্টর মোজাহিদুল ইসলাম তাকে আদালতে হাজির করে ১০ দিনের রিমান্ড চেয়ে আবেদন করেন। আবুল হাসানের পক্ষে তার আইনজীবী রিমান্ড বাতিল চেয়ে জামিন আবেদন করেন। উভয়পক্ষের শুনানি শেষে আদালত তার ৭ দিনের রিমান্ডের আদেশ দেন। গত ১৬ সেপ্টেম্বর

২-এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাবেক ছাত্রলীগ নেতাকে পিটিয়ে হত্যা

**স্টাফ রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে 'চোর সন্দেহে' একজনকে পিটিয়ে হত্যা করা হয়েছে। নিহত তোফাজ্জল হোসেন (৩২) বরগুনার পাথরঘাটা উপজেলার কাঁঠালতলী ইউনিয়নের তালুকের চরদুয়ানী গ্রামের বাসিন্দা। তার বাবা মৃত আবদুর রহমান। তিনি নিজ ইউনিয়নের সাবেক ছাত্রলীগ সভাপতি ছিলেন। মা-বাবাহীন এই যুবক মানসিক ভারসাম্যহীন বলে দাবি করেছেন তার স্বজন, প্রতিবেশী ও রাজনৈতিক নেতা। গত বুধবার দিবাগত রাতে ঢাকা বিশ্ব বিদ্যালয়ের ওই হলে চোর সন্দেহে তাকে পিটিয়ে হত্যা করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। জানা গেছে, তোফাজ্জলকে আটকের পর গেস্টরুমে নিয়ে যান শিক্ষার্থীরা। সেখানে তাকে রাত ১০টা পর্যন্ত দফায় দফায় মারধর করেন। একপর্যায়ে তাকে ক্যান্টিনে বসিয়ে ভাতও খাওয়ানো হয়। এরপর পুনরায় মারধর করা হয়। রাত ১০টার দিকে হলের হাউস টিউটররা ঘটনাস্থলে গেলে রাত ১২টার দিকে তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে যান কয়েকজন শিক্ষার্থী। পরে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করলে শিক্ষার্থীরা সেখানে রেখেই চলে আসেন। কাকচিড়া সাংগঠনিক থানা ছাত্রলীগের সাবেক ১ নম্বর যুগ্ম আহ্বায়ক তকদির হাওলাদার বলেন, তোফাজ্জল পাথরঘাটা উপজেলার কাঁঠালতলী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ছিলেন। তবে ৩/৪ বছর ধরে প্রেম সংক্রান্ত একটি ঘটনায় মানসিক ভারসাম্যহীন হয়ে পড়েন। পরে মা-বাবা ও ভাইকে হারিয়ে পুরোপুরি মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেন। এখন তার পরিবারে আপন বলতে কেহ নাই। মানসিক ভারসাম্যহীন হয়েও বেঁচে থাকতে পারলো না, তাকে যারা এমন নির্মমভাবে হত্যা করেছে- আমরা তাদের বিচার চাই। এমন ঘটনায় যেন আর কারও জীবন দিতে না হয়। এ বিষয়ে তোফাজ্জলের ফুফাতো বোন আসমা আক্তার তানিয়া বলেন,রাত সাড়ে ১১টার দিকে আমার বাবাকে একজন ফোন দিয়ে বলেন, তোফাজ্জল চুরি করতে এসে ধরা পড়েছেন- এখন ৩০ হাজার টাকা পাঠিয়ে দিলে তাকে ছেড়ে দেওয়া হবে। আমার বাবা তার কথা বুঝতে না পেরে আমাকে ওই নম্বরটি দেন। আমি ওই নম্বরে কল দিলে আমার কাছেও একই দাবি করেন। তখন আমি তাদের অনুরোধ করে বলি, তোফাজ্জল মানসিক ভারসাম্যহীন তাকে আপনারা মাইরেন না- তাকে সন্দেহ হলে থানা পুলিশের কাছে দিয়ে দিন। তারা আমার ভাইকে নির্মমভাবে হত্যা করে হাসপাতালে রেখে পালিয়ে

২-এর পাতায় দেখুন



দৈনিক মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা শুক্রবার ॥ ২০ সেপ্টেম্বর ২০২৪ ॥ ০৫ আশ্বিন ১৪৩১ বাংলা

# আর নতুন ইটাভাটা নয় অবৈধগুলো বন্ধ করা হবে




**স্টাফ রিপোর্টার :** পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান জানিয়েছেন, ইটভাটাজনিত বায়ুদূষণ রোধে আর কোনও নতুন ইটভাটার ছাড়পত্র দেওয়া হবে না। পরিবেশগত ছাড়পত্রবিহীন ৩ হাজার ৪৯১টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হবে। অবৈধভাবে পার্বত্য এলাকায় নির্মিত সব ইটভাটা স্থানান্তর করা হবে। বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে পরিবেশ অধিদফতর এবং বাংলাদেশ ব্রিক ম্যানুফ্যাকচারিং ওনার্স অ্যাসোসিয়েশনের (বিবিএমওএ) নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সভায় পরিবেশবান্ধব ইট উৎপাদন, ইটভাটার আধুনিকায়ন এবং কার্বন নির্গমন কমানোর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।সৈয়দা রিজওয়ানা হাসান ইটভাটার পরিবেশগত প্রভাব নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, শুধু ভবন নির্মাণই যথেষ্ট নয়, আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করতে হবে।তিনি বলেন, বায়ুদূষণের কারণে মানুষের গড় আয়ু ৫-৭ বছর কমে যাচ্ছে। তাই, লাইসেন্স এবং ছাড়পত্র ছাড়া কোনও ইটভাটা পরিচালনা করা যাবে না। তিনি পরিবেশ অধিদফতরের কর্মকর্তাদের দুর্নীতির বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার কথাও জানান। বিবিএমওএ-এর নেতারা ইটভাটা শিল্পের চ্যালেঞ্জ তুলে ধরে পরিবেশবান্ধব প্রযুক্তি গ্রহণের প্রস্তাব দেন। ইটভাটায় সবুজ প্রযুক্তির ব্যবহার উৎসাহিত করতে সরকারের সহযোগিতা কামনা এবং উপদেষ্টাকে স্মারকলিপিও দেন তারা।সভায় পরিবেশ মন্ত্রণালয়ের সচিব, অতিরিক্ত সচিব, পরিবেশ অধিদফতরের মহাপরিচালক, বাংলাদেশ ব্রিক ম্যানুফ্যাকচারিং ওনার্স অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটির সভাপতি ফিরোজ হায়দার খানসহ কেন্দ্রীয় এবং বিভিন্ন জেলা থেকে আগত নেতারা বক্তব্য রাখেন। এর আগে, উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান মন্ত্রণালয়ের বিশেষ সভায় বিভিন্ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য উর্ধ্বতন কর্মকর্তাদের দিকনির্দেশনা দেন।

## বেক্সিমকো গ্রুপের সব সম্পত্তি দেখভালে রিসিভার নিয়োগের নির্দেশ

**স্টাফ রিপোর্টার :** বেক্সিমকো গ্রুপের সব সম্পত্তি দেখভাল করার জন্য রিসিভার নিয়োগের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একইসঙ্গে ছয় মাসের জন্য গ্রুপটির সব সম্পত্তি সংযুক্ত (অ্যাটাচ) করতে বলা হয়েছে। গতকাল বৃহস্পতিবরা বিচারপতি এ কে এম আসাদুজ্জামান ও বিচারপতি মুহম্মদ মাহবুব-উল ইসলামের হাইকোর্ট বেঞ্চ এ নির্দেশ দেন। সুপ্রিম কোর্টের এক জ্যেষ্ঠ আইনজীবীর করা এক রিট আবেদনে ৫ সেপ্টেম্বর হাইকোর্টের দেওয়া আদেশের সত্যায়িত অনুলিপি সম্প্রতি প্রকাশিত হয়েছে। বাংলাদেশ ব্যাংকের প্রতি দেওয়া আদেশে সালমান এফ রহমান থেকে বিভিন্ন ব্যাংকের অর্থ উদ্ধার এবং বিদেশে থেকে টাকা ফেরাতে নির্দেশ দেওয়া হয়েছে। চার সপ্তাহের মধ্যে এ বিষয়ে প্রতিবেদন দিতে বলা হয়েছে। বেক্সিমকো গ্রুপের সব কোম্পানির তথ্য সরবরাহে,বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে কি পরিমাণ অপরিশোধিত ঋণ আছে, ঋণের বর্তমান অবস্থা এবং বেক্সিমকো গ্রুপের সব সম্পত্তি দেখভাল করার জন্য রিসিভার নিয়োগে ও সম্পত্তি সংযুক্ত করতে রুল জারি করেছেন।

৭-এর পাতায় দেখুন



# জনবান্ধব পুলিশ যেন বাস্তবে হয়: স্বরাষ্ট্র উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, জনবান্ধব পুলিশ যেন বাস্তবে হয়, এটা যেন শুধু কাগজ-কলমে না থাকে, সেটা করতে বলা হয়েছে। থানা পর্যায়ে লোকজন অনেক সময় বিভিন্ন কাজে যান। তাদের সমস্যা সবসময় সমাধান করতে পারেন না পুলিশ, সবসময় সম্ভবও নয়। সেক্ষেত্রে তাদের যেন বুঝিয়ে বলা হয়, কীভাবে সমস্যা সমাধান করা যায়। গতকাল বৃহস্পতিবরা ডিএমপি সদর দপ্তরে পুলিশ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। বিগত সময়ে পুলিশ বাহিনীর অনেক ক্ষতি হয়েছে, যে কারণে তাদের কাজে প্রতিবন্ধকতা দেখা দিচ্ছে উল্লেখ করে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, তাদের জনবান্ধব হয়ে পুরনো ফর্মে কাজে ফিরে আসতে হবে। তিনি বলেন, এখন তাদের মনকে উজ্জীবিত করে তারা কীভাবে তাদের পুরনো গৌরবটা ফিরে পায়, সেটাই তাদের করতে বলা হয়েছে। ট্রাফিক সমস্যা কীভাবে উন্নত করা যায়, মতবিনিময় সভায় সেটা নিয়েও আলোচনা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা। তিনি বলেন, চাঁদাবাজি কীভাবে বন্ধ করা যায়, সেটা নিয়েও বলা হয়েছে। চাঁদাবাজি যদি বন্ধ হয় তাহলে জিনিসপত্রের দাম সহনীয় পর্যায়ে চলে আসবে। চাঁদাবাজি যেন না হয়, ঘুষ এবং দুর্নীতি যে আমাদের সমাজটাকে গ্রাস করে নিয়েছে। এসব কীভাবে বন্ধ করা যায়

৭-এর পাতায় দেখুন

## ঢাবি-জাবির ঘটনায় জড়িতদের দ্রুত বিচারের আওতায় আনতে হবে: সমন্বয়ক হাসনাত

**স্টাফ রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) চোর সন্দেহে গণপিটুনিতে যুবকের মৃত্যু এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গণপিটুনিতে ছাত্রলীগের কর্মীর মৃত্যুর ঘটনায় জড়িতদের দ্রুত বিচারের আওতায় আনার দাবি জানিয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ। গতকাল বৃহস্পতিবরা সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে এক পোস্টে এই দাবি জানান তিনি। এ ছাড়া তিনি বিভিন্ন সময় বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের হাতে নির্যাতিতদের ন্যায়বিচার, যেসব শিক্ষক স্বৈরাচারের সহযোগিতা করেছেন তাদের প্রশাসনিক বিচার দাবি করেন। হাসনাত আবদুল্লাহ লেখেন, ২২ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস খোলা হচ্ছে। দেশজুড়ে অন্যান্য ক্যাম্পাসও দ্রুত খোলা হবে।

৭-এর পাতায় দেখুন

# ঢাকা চাইলে হাসিনাকে হস্তান্তর করতে পারে দিল্লি



**আন্তর্জাতিক ডেস্ক :** ব্যাপক গণ-বিক্ষোভের মুখে পদত্যাগ করে ভারতে পালিয়ে আশ্রয় নিয়েছেন বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক মাসের বেশি সময় ধরে ভারতে অবস্থান করা সাবেক এই প্রধানমন্ত্রীকে দেশে ফিরিয়ে আনার দাবি এখন তুঙ্গে। বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের (আইসিটি) প্রধান প্রসিকিউটর শেখ হাসিনাকে বাংলাদেশে ফিরিয়ে আনার আইনি প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানানোর পর এই দাবিটি সুনির্দিষ্ট আইনি রূপ নিয়েছে। ২০১০ সালে শেখ হাসিনার নেতৃত্বাধীন তৎকালীন সরকার এই ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা করেছিল।শেখ হাসিনার বিরুদ্ধে আইসিটি ট্রাইব্যুনালে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগ দায়ের করা হয়েছে। এছাড়াও হত্যা, নির্যাতন-নিপীড়ন থেকে গুমসহ বিভিন্ন ধরনের অভিযোগে সাবেক এই প্রধানমন্ত্রীর বিরুদ্ধে দেড় শতাধিক মামলা হয়েছে। এমন পরিস্থিতিতে বাংলাদেশ যদি রাষ্ট্রীয়ভাবে শেখ হাসিনাকে হস্তান্তরের জন্য ভারতের কাছে অনুরোধ জানায়, তখন নয়াদিল্লির আইনি উপায় কী হবে? এ নিয়ে ভারতীয় ইংরেজি দৈনিক হিন্দুস্তান টাইমসে দীর্ঘ এক নিবন্ধ লিখেছেন ওপি জিন্দাল গ্লোবাল ইউনিভার্সিটির জিন্দাল গ্লোবাল ল স্কুলের অধ্যাপক প্রভাষ রঞ্জন।

নিবন্ধে তিনি বলেছেন, ভারতের প্রত্যর্পণ আইন-১৯৬২ ছাড়াও শেখ হাসিনার সরকারের সাথে ২০১৩ সালে স্বাক্ষরিত ভারত-বাংলাদেশ প্রত্যর্পণ চুক্তিও বর্তমানে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। ১৯৬২ সালের প্রত্যর্পণ আইনের ১২(২) ধারা ও ভারত-বাংলাদেশের প্রত্যর্পণ চুক্তির শর্তগুলোও শেখ হাসিনাকে বাংলাদেশে প্রত্যর্পণের ক্ষেত্রে প্রাসঙ্গিক হয়ে উঠছে।শেখ হাসিনাকে প্রত্যর্পণের জন্য বাংলাদেশ ২০১৩ সালের চুক্তির ওপর নির্ভর করতে পারে। চুক্তির ১ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে, বাংলাদেশ ও ভারত তাদের ভূখণ্ডে কেবল সেই ব্যক্তিদের প্রত্যর্পণ করতে বাধ্য; যারা প্রত্যর্পণযোগ্য অপরাধ (ভারত ও বাংলাদেশি আইনের আওতায় কমপক্ষে এক বছরের কারাদণ্ডের মতো শাস্তিযোগ্য অপরাধ) করার দায়ে দোষী সাব্যস্ত হয়েছেন। তবে এই অনুচ্ছেদ সেই ব্যক্তিদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে, যাদের বিরুদ্ধে অপরাধের দায়ে অভিযোগ গঠন করা হয়েছে

৭-এর পাতায় দেখুন

## আগারগাঁও-মতিঝিল অংশে মেট্রোরেল বন্ধের ঘটনায় তদন্ত কমিটি গঠন

**স্টাফ রিপোর্টার :** আগারগাঁও থেকে মতিঝিল অংশের টানা ১১ ঘণ্টা মেট্রোরেল বন্ধ থাকার ঘটনায় ৭ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। গতকাল বৃহস্পতিবরা কোম্পানির এমডি মোহাম্মদ আবদুর রউফ গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, গতকাল (গত বুধবার) মেট্রোরেলে বিয়ারিং প্যাড ডিসপ্লেসমেন্ট হওয়াসহ মেট্রোরেল দীর্ঘ সময় বন্ধ থাকার কারণ খুঁজে বের করতে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মো. আবদুল বাকী মিয়াকে প্রধান করে সাত সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিকে আগামী পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। গত বুধবার সকাল থেকে 'অনিবার্য কারণবশত' আগারগাঁও-মতিঝিল অংশে মেট্রোরেল বন্ধের কথা জানায় কর্তৃপক্ষ। পরে সংশ্লিষ্টরা জানান, ভায়াডাক্টের একটি অংশে একটি

৭-এর পাতায় দেখুন



### খালেদা জিয়ার নিরাপত্তা বাহিনীর প্রধানকে অপহরণ

## তারেক সিদ্দিকসহ ১০ সাবেক সেনা ও পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে মামলা

**আদালত প্রতিবেদক:** বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার ব্যক্তিগত নিরাপত্তা বাহিনীর প্রধানকে অপহরণ, গুম ও হত্যার উদ্দেশে ষড়যন্ত্রের পরিকল্পনার অভিযোগে তারেক সিদ্দিকসহ ১০ সাবেক সেনা ও পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জাকির হোসাইনের আদালতে মামলার আবেদন করেন লে. ক. (অব.) মো. তৌহিদুল ইসলাম চৌধুরী। এদিন আদালত বাদীর জবানবন্দি রেকর্ড করে অভিযোগটি নিউমার্কেট থানায় এফআইআর হিসেবে গ্রহণের নির্দেশ দিয়েছেন। বাদীপক্ষে অ্যাডভোকেট মাসুদ আহমেদ তালুকদার শুনানি করেন।

মামলায় আসামিরা হলেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিরক্ষা উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারেক আহমেদ সিদ্দিক, ডিজিএফআইয়ের সাবেক ডিজি মেজর জেনারেল (অব.) মো. সাইফুল আবেদীন, র‌্যাবের সাবেক প্রধান মেজর

৭-এর পাতায় দেখুন

## বকেয়া বেতন দাবিতে টঙ্গীর তিন কারখানার শ্রমিকরা কর্মবিরতিতে

**স্টাফ রিপোর্টার :** গাজীপুরের টঙ্গীতে বকেয়া বেতনের দাবিতে আবারও সিজন্স ড্রেসেস লিমিটেড পোশাক কারখানাসহ আরও দুই পোশাক কারখানার শ্রমিকরা কর্মবিরতি পালন করছেন। টঙ্গী পশ্চিম থানার খাঁ পাড়া এলাকার ওই কারখানার প্রায় ১৫০০ শ্রমিক জুলাই মাসের অবশিষ্ট (অর্ধেক) বেতনের দাবিতে উৎপাদন কাজ বন্ধ করে কারখানা অভ্যন্তরে কর্মবিরতি পালন করছেন। গতকাল বৃহস্পতিবরা সকাল ৮টায় কারখানায় প্রবেশ করে তারা কর্মবিরতি শুরু করেন। শ্রমিকরা বলেন, গত মঙ্গলবার মালিকপক্ষ জুলাই মাসের অর্ধেক বেতন পরিশোধ করেছে। বাকি অর্ধেক বেতন পরিশোধ করেনি। বলেছে বকেয়া বেতন পরে পরিশোধ করা হবে। এটা আমরা মানতে পারবো না। বকেয়া বেতন পরিশোধ করে আমাদের কাজে নিতে হবে। জানা যায়, গত মঙ্গলবার সকাল সাড়ে

৭-এর পাতায় দেখুন

## আরটিভি ও বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটকে আইনি নোটিশ

**স্টাফ রিপোর্টার :** বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে 'ইনডেমনিটি' নামে একটি মঞ্চ নাটকে নেতিবাচকভাবে উপস্থাপন, রচনা, অভিনয় ও প্রচারণার অভিযোগে আরটিভি কর্তৃপক্ষ, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনি নোটিশ পাঠানো হয়েছে। আরটিভির চেয়ারম্যান মোরশেদ আলম, ব্যবস্থাপনা পরিচালক হুমায়ুন কবির বাবলু, প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ আশিক রহমান, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের সভাপতি ও অভিনেত্রী তারানা হালিম, অভিনেতা সাজু খাদেম, ফজলুর রহমান বাবু, রিয়াজ উদ্দিন আহমেদ সিদ্দিক, নাটকের পরিচালক মান্নান হীরা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ও তথ্য মন্ত্রণালয় সচিবকে বিবাদি করে এই নোটিশ পাঠানো হয়েছে। 'শহীদ জিয়া অনুসারীদের' পক্ষে সংক্ষুব্ধ হয়ে

৭-এর পাতায় দেখুন

## মানহানি মামলায় খালাস পেলেন তারেক রহমান

**স্টাফ রিপোর্টার :** বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে মানহানির একটি মামলা থেকে খালাস দিয়েছে হবিগঞ্জের একটি আদালত।বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টায় হবিগঞ্জের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম আদালতের বিচারক আবদুল আলীম এ আদেশ দেন।আদালতের পরিদর্শক নন্দন কান্তি ধর বলেন, এ মামলায় তারেক রহমানের নামে পাঠানো গ্রেফতারি পরোয়ানা ফেরত পাঠাতে গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) নির্দেশ দিয়েছেন বিচারক।তারেক রহমান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জড়িয়ে ইংল্যান্ডের একটি পত্রিকায় সাক্ষাৎকার দেওয়ার জেরে ২০১৫ সালের ২৪ এপ্রিল হবিগঞ্জ জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি ও আইনজীবী আসাদুজ্জামান খান তুহিন মামলাটি দায়ের করেছিলেন।



আদালতের পেশকার তাজুর ইসলাম জানান, ২০১৮ সাল থেকে ছয় বছর ধরে বাদী আদালতে উপস্থিত হচ্ছেন না, প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেননি। সেজন্য ফৌজদারি কার্যবিধির ২০৪ (৩) ধারায় বিচারক মামলাটি খারিজ করে দিয়ে তারেক রহমানকে অব্যাহতি দেন।

## রংপুরে আওয়ামী লীগ নেতাকে আদালতপাড়ায় ডিম-জুতা নিক্ষেপ

**স্টাফ রিপোর্টার :** ঢাকার সাভার থেকে র‍্যাবের হাতে গ্রেপ্তার রংপুর মহানগর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক তুষার কান্তি মন্ডলের সাত দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। গতকাল বৃহস্পতিবরা সকাল সাড়ে ৯টায় রংপুরের মেট্রোপলিটন আমলি আদালত-২ এর বিচারক আসাদুজ্জামান এই রিমান্ড মঞ্জুর করেন। সেই সঙ্গে আসামির বিরুদ্ধে আরও চারটি হত্যা মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদনও মঞ্জুর করা হয়। পরে আসামিকে নিয়ে যাওয়ার সময় বিক্ষুব্ধ জনতা খুনি খুনি, ভুয়া ভুয়া বলে স্লোগান দেয়। এ সময় তাকে লক্ষ্য করে ডিম ও জুতা ছোঁড়া হয়। মামলার তদন্তকারী পুলিশ কর্মকর্তা রংপুর মেট্রোপলিটন কোতোয়ালি থানার এস আই নুরন্নবী আদালতে জানান, আসামি তুষার কান্তি মন্ডলের নেতৃত্বে গত ১৯ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আগ্নেয়াস্ত্র ও দেশীয়

৭-এর পাতায় দেখুন



বৃহস্পতিবার সিলেটে তাপমাত্রা ছিল ৩৬ ডিগ্রির উপরে। তীব্র দাবদাহ উপেক্ষা করে কাজে বের হয়েছে শ্রমজীবী মানুষ। ছবিটি নগরীর জিন্দাবাজার এলাকা থেকে তোলা।

## যশোরের কেশবপুরে ৪০ হাজার মানুষ পানিবন্দি

**স্টাফ রিপোর্টার :** অতি বর্ষণে যশোরের কেশবপুর উপজেলার প্রায় ১০৪টি গ্রাম তলিয়ে গেছে। এতে ৪০ হাজার মানুষ পানিবন্দি হয়ে পড়েছেন। প্রায় তিন হাজার ৬৪০টি মাছের ঘের ও দুই হাজার ৪২০টি পুকুর ভেসে গেছে। এ ছাড়া তিন হাজার ১৭৩ হেক্টর আমন ধান তলিয়ে গেছে। ক্ষতি হয়েছে অন্য ফসলেরও। টানা বৃষ্টি, হরিহর নদ ও বুড়িভদ্রা নদী উপচে পড়া পানির কারণে কেশবপুরের বিভিন্ন এলাকা প্লাবিত হয়ে এ অবস্থার সৃষ্টি হয়েছে বলে জানান স্থানীয় বাসিন্দা ও প্রবীণ সাংবাদিক আশরাফুজ্জামান খান। উপজেলা মৎস্য অফিস সূত্রে জানা গেছে, বন্যায় মাছ চাষিদের প্রায় ৫০ কোটি টাকার ক্ষতি হয়েছে। কেশবপুর পৌরসভার মধ্যকুল এলাকার বাসিন্দা রুহুল কুদ্দুস, সাবাজ সরদার ও মিন্টু খান জানান, এখানকার বেশিরভাগ মানুষের ঘরেই পানি উঠেছে। বাড়িঘরে পানি ঢুকে পড়ায় মানুষ পাশের একটি উঁচু স্থানে আশ্রয়

৭-এর পাতায় দেখুন

## সাবেক ডিএমপি কমিশনার আছাদুজ্জামান কারাগারে, আরেক হত্যা মামলায় গ্রেপ্তার

**স্টাফ রিপোর্টার :** পুলিশ হেফাজতে নির্যাতনে খিলগাঁও থানা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক নুরুজ্জামান জনির মৃত্যুর অভিযোগে দায়ের হওয়া মামলায় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক কমিশনার আছাদুজ্জামান মিয়ার রিমান্ড শেষে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। গতকাল বৃহস্পতিবরা শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমানের আদালত এই আদেশ দেন। সাত দিনের রিমান্ড শেষে আছাদুজ্জামান মিয়াকে আদালতে হাজির করেন পুলিশ। এরপর মামলার তদন্ত শেষ না পর্যন্ত তাকে কারাগারে আটক রাখার আবেদন করেন খিলগাঁও থানার উপপরিদর্শক গোলাপ মাহমুদ। এছাড়াও উত্তরা পূর্ব থানার আরেকটি হত্যা মামলায় তাকে গ্রেপ্তার দেখানো আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা সজল চন্দ্র পাল। আদালতে আছাদুজ্জামান মিয়ার পক্ষের আইনজীবীরা জামিন চেয়ে শুনানি করেন। এ সময় রাষ্ট্রপক্ষ এর বিরোধিতা করেন। উভয় পক্ষের শুনানি শেষে উত্তরা পূর্ব থানার মামলায় গ্রেপ্তার দেখিয়ে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত। গত ১১ সেপ্টেম্বর রাতে রাজধানীর মহাখালী ফ্লাইওভার এলাকা থেকে আছাদুজ্জামান মিয়াকে আটক করেন র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)। এরপর গত ১২ সেপ্টেম্বর পুলিশি হেফাজতে 'ক্রসফায়ারের নামে হত্যার' অভিযোগের ওই মামলায় তার সাত দিনের রিমান্ড মঞ্জুর করেছিল আদালত। জানা গেছে, ২০১৫ সালের ২০ জানুয়ারি খিলগাঁও এলাকায় পুলিশের হেফাজতে থাকা অবস্থায় কথিত



৭-এর পাতায় দেখুন

## আড়াই কোটি টাকার রিয়াল, দিরহামসহ যাত্রী আটক বিমানবন্দরে

**স্টাফ রিপোর্টার :** আড়াই কোটি টাকার রিয়াল, দিরহামসহ দুবাইগামী যাত্রীকে আটক করা হয়েছে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে। গতকাল বৃহস্পতিবরা সকাল ৮টায় জাকির হোসেন নামের ওই যাত্রীকে প্লেনের ভেতর থেকে আটক করে শুল্ক গোয়েন্দা ও এনএসআই টিম। তার বর্তমান ঠিকানা: ১১/১ শিক্কাটুলি, বংশাল, ঢাকা জিপিও-১০০০, ঢাকা। স্থায়ী ঠিকানা: গ্রাম-রামগঞ্জ, পো: রামগঞ্জ, থানা: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর। তিনি ঢাকা বিমানবন্দর থেকে সকাল সাড়ে ৭টায় ইউএস বাংলা এয়ারলাইনের দুবাইগামী আন্তর্জাতিক ফ্লাইট BS-৩৪৩ যোগে (ঢাকা-চট্টগ্রাম-দুবাই) চট্টগ্রাম বিমানবন্দরে আসেন। তার কাছে ৭,৭০,০০০ সৌদি রিয়াল (প্রতি সৌদি রিয়াল ৩০ টাকা দরে ২,৩১,০০,০০০ টাকা) এবং ৪৬,০০০ ইউএই দিরহাম (প্রতি দিরহাম ৩০ টাকা দরে ১৩,৮০,০০০ টাকা) পাওয়া যায়।

৭-এর পাতায় দেখুন

# গণমাধ্যমের স্বাধীনতাবিরোধী কালাকানুন বাতিলসহ ৩ দাবি

**স্টাফ রিপোর্টার :** গণমাধ্যমের স্বাধীনতাবিরোধী সব কালাকানুন বাতিল, সাগর-রুনিসহ সব সাংবাদিক হত্যার বিচার ও সাংবাদিক সুরক্ষা আইন প্রণয়নের দাবি করেছে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে)। গতকাল বৃহস্পতিবরা দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে অন্তর্বর্তী সরকারের কাছে এসব দাবি জানিয়ে সমাবেশও করেছে সাংবাদিকদের অধিকার আদায়ের এ দুই সংগঠন। ডিইউজের সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু। এ ছাড়া আরও উপস্থিত ছিলেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা হাবিবুর রহমান হাবিব, বিএফইউজের মহাসচিব কাদের গণি চৌধুরী, জাতীয় প্রেসক্লাবের ভারপ্রাপ্ত সভাপতি ও দৈনিক কালের কণ্ঠের সম্পাদক কবি হাসান হাফিজ, ডিইউজের সাধারণ সম্পাদক খোরশেদ আলম, সহ-সভাপতি রাশেদুল হক, বিএফইউজের কোষাধ্যক্ষ শহীদুল ইসলাম প্রমুখ। সমাবেশে শামসুজ্জামান দুদু বলেন, সাগর-রুনিকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। যে সরকারের সময় হত্যা করা হয়েছিল, সেই সরকারের অনেক প্রিয়ভাজন ব্যক্তি এই হত্যাকাণ্ডের সঙ্গে যুক্ত ছিল বলে অনেক মানুষ মনে করে। এ কারণে দীর্ঘ সময় এই হত্যাকাণ্ডের তদন্ত হয়েছে, কিন্তু চার্জশিট দেওয়া হয়নি। এখন এই সরকারের (অন্তর্বর্তী) দায় মুক্তির সময়। যদি তারা এই দায় কাঁধ থেকে নামাতে চায়, তাহলে সাগর-রুনি হত্যার বিচারের প্রাথমিক স্তর পরিষ্কার করা দরকার? তারা বলেছে, এটি তারা করবে। আমরাও বিশ্বাস করি এটি তারা করবে। কিন্তু সময় থাকতে তা শেষ করতে হবে। তিনি আরও বলেন, সাংবাদিকরা জাতির বিবেক। সেই বিবেককে যদি মুক্ত না করা হয়, কালা কানুন যদি বাতিল করা না হয়, তাহলে দেশের কি পরিস্থিতি এটি তুলে ধরা সাংবাদিকদের জন্য খুব কঠিন। এই সরকারের সাংবাদিকরা যে দাবি জানিয়েছে, আমি আমার দলের পক্ষ থেকে সেটি সমর্থন করছি। যতক্ষণ পর্যন্ত আমরা এদেশে জনগণের সরকার প্রতিষ্ঠা করতে না পারবো,



৭-এর পাতায় দেখুন

## দুই মাস পর ফের উৎপাদনে ফিরলো কর্ণফুলী পেপার মিল

**স্টাফ রিপোর্টার :** দক্ষিণ এশিয়ার বৃহত্তম কাগজকল কর্ণফুলী পেপার মিল (কেপিএম) দুই মাস বন্ধ থাকার পর ফের চালু হয়েছে। ১৯৫৩ সালে ৪০০ একর জমিতে গড়ে ওঠা এই কলে আশানুরূপ উৎপাদন না থাকায় দীর্ঘদিন ধরে লোকসান বয়ে যাচ্ছে। বিষয়টি নিশ্চিত করেছেন কেপিএমের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. আবদুল হাকিম। তিনি জানান, কাঁচামাল সংকটে গত ২০ জুলাই থেকে প্রায় ২ মাস কারখানাটিতে কাগজ উৎপাদন করা সম্ভব হয়নি। গত বুধবার রাতে সকল সংকট কাটিয়ে ফের মিলটি উৎপাদনে ফিরেছে। কেপিএম শ্রমিক কর্মচারী পরিষদ (সিবিএ) সভাপতি আবদুল রাজ্জাক বলেন, গত বুধবার রাত থেকে কেপিএম আবারও কাগজ উৎপাদনে ফিরেছে। আমরা শ্রমিক-কর্মচারী সকলের পক্ষ থেকে মাননীয় শিল্প উপদেষ্টা, বিসিআইসি কর্তৃপক্ষ এবং কেপিএম কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানাই। আমরা

৭-এর পাতায় দেখুন

সম্পাদক ও প্রকাশক : মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
ফোন : ০৯৬৩৮-৩৬০৭৪৩, ই-মেইল : news.manabikbangladesh@gmail.com, ওয়েবসাইট : www.manabikbangladesh.com.

## রংপুরে আওয়ামী লীগ নেতাকে

অস্ত্র নিয়ে আন্দোলনকারীদের ওপর হামলা চালানো হয়। এ সময় গোলাগুলিতে ঢাকা সিরামিক গ্লাস ইন্সটিটিউটের অষ্টম বর্ষের শিক্ষার্থী আব্দুল্লা আল তাহির গুলিবিদ্ধ হয়ে নিহত হন। এ ঘটনায় থানায় একটি হত্যা মামলা করা হয়েছে। তিনি আরও বলেন, তিন ওই খুনের মামলার ১৮ নম্বর আসামি। তার সঙ্গে আর কারা কারা ছিল কারা অর্থের জোগান ও অস্ত্র সরবরাহ করেছে সব বিষয়ে জিজ্ঞাসাবাদ করার জন্য ১০ দিনের রিমান্ডের প্রয়োজন। তার নেতৃত্বে রংপুর নগরীতে আন্দোলনকারীদের ওপর হামলা-গুলি করাসহ বিভিন্ন অভিযোগ রয়েছে। একই কথা বলেন কোর্ট ইন্সপেক্টর পৃথিশ চন্দ্র সরকার। তিনি বলেন, আসামিকে রিমান্ডে নিলে অনেক রহস্য জানা যাবে। এ সময় আদালত আসামি তুষার কান্তি মন্ডলের কোনো বক্তব্য আছে কি না তা জানতে চান। এ পর্যায়ে আসামি জানান, তিনি এখন সাবেক সাধারণ সম্পাদক রংপুর মহানগর আওয়ামী লীগের কমিটি আছে, তারা ঘটনা সম্পর্কে বলতে পারবে। তিনি এসব ঘটনার সঙ্গে কোনোভাবেই জড়িত নন বলে দাবি করেন। অন্যদিকে আসামিপক্ষে তার আইনজীবী ইফফাত আখতার বানু আওয়ামী লীগ নেতাকে নির্দোষ দাবি করে তার জামিনের আবেদন করেন এবং রিমান্ড বাতিলের আবেদন জানান। শুনানি শেষে বিচারক আসামিকে জিজ্ঞাসাবাদের জন্য সাত দিনের রিমান্ড মঞ্জুর করেন। তাকে আরও চার মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন বিচারক মঞ্জুর করেন। পরে তাকে আদালতের পঞ্চম তলা থেকে নিচে তলায় নামিয়ে নিয়ে যাওয়ার সময় বিক্ষুব্ধ জনতা ও আইনজীবীরা খুনি খুনি, ভুয়া ভুয়া বলে স্লোগান দেয়। এ সময় তাকে লক্ষ্য করে ডিম ও জুতা ছোঁড়া হয়। পরে কঠোর পুলিশি পাহারায় তাকে থানায় নেওয়া হয়।

## আড়াই কোটি টাকার রিয়াল

যা ২,০৫,৭১৪ মার্কিন ডলারের সমতুল্য। বাংলাদেশি টাকায় ২,৪৪,৮০,০০০। বিমানবন্দরের একজন কর্মকর্তা জানান, বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রাসহ আটক হওয়ায় ওই যাত্রীকে শুল্ক গোয়েন্দা কর্তৃক মানি লন্ডারিং আইনে মামলা দায়েরের মাধ্যমে পতেঙ্গা মডেল থানায় হস্তান্তর করা হবে। ওই যাত্রী ফ্রিকোয়েন্টলি মধ্যপ্রাচ্যে যাতায়াত করে থাকেন এবং পাচারকার্যে জড়িত থাকেন।

## দুই মাস পর ফের উৎপাদনে ফিরলো

আশা করছি মিলটি আবারও পুরোদমে উৎপাদনে ফিরে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হবে। ১০০ মেট্রিক টন উৎপাদনের লক্ষ্যমাত্রা নিয়ে যাত্রা শুরু করা কেপিএমে অর্ধশতাব্দী পর উৎপাদন নেমে এসেছে ৫-১০ মেট্রিক টনে। বাঁশ ও গাছের সহজলভ্যতার ওপর ভিত্তি করে গড়ে ওঠা এই প্রতিষ্ঠানটি আমদানিকৃত পাল্পের ওপর নির্ভর করায় প্রায় বন্ধ থাকে মেশিনগুলো।

## গণমাধ্যমের স্বাধীনতাবিরোধী

ততক্ষণ পর্যন্ত আমাদের গণতান্ত্রিক আন্দোলন বন্ধ করা যাবে না। এটাকে আমরা সাম্প্রতিক সময়ে সবচেয়ে জরুরি কাজ বলে মনে করি। হাবিবুর রহমান হাবিব বলেন, এখনো অনেক কালাকানুন আছে। এগুলো বাতিল করতে হবে। একটি গ্রহণযোগ্য আইন করতে হবে। সাংবাদিকদের বিরুদ্ধে যে সকল আইন করা হয়েছে, সে সকল আইন বন্ধ করতে হবে। কাদের গণি চৌধুরী বলেন, সাংবাদিক দম্পতি সাগর-রুনিসহ যেসকল হত্যাকাণ্ড হয়েছে তাদের বিচারের দাবিতে আমার এখানে দাঁড়িয়েছি। সাংবাদিকদের জন্য সুরক্ষা আইন করতে হবে। মুক্তভাবে সাংবাদিকতা করার সুযোগ করে দিতে হবে। যেসব সাংবাদিকরা হাসিনার কুকর্মে সমর্থন দিয়েছে আমরা তাদেরও বিচার চাই। আমাদের দাবিগুলো অবিলম্বে মেনে নিতে হবে। সাগর-রুনির হত্যার বিচার অবিলম্বে করতে হবে। কবি হাসান হাফিজ বলেন, এখনো কালাকানুনগুলো দূর হয়নি। সংবাদপত্রের স্বাধীনতা এখনো নিরঙ্কুশ হয়নি, নিশ্চিত হয়নি। অনেক সাংবাদিক হত্যার বিচার হয়নি। সেগুলোর বিচারের জোর দাবি জানাচ্ছি। কালাকানুনগুলো যেন রোধ করা হয়। সাগর-রুনির প্রকৃতি খুনিদের যেন চিহ্নিত করা হয় এবং দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হয়। একটি অন্তর্বর্তী সরকারের এখন দেশ চালাচ্ছে। তারা একটি সংস্কারের কাজ করছে। আমাদের দেশপ্রেমিক নাগরিকদের প্রত্যেকের দায়িত্ব তাদের সহায়তা করা, সংস্কারের ক্ষেত্র তৈরি করা এবং একটি অবাধ, সুষ্ঠু, গ্রহণযোগ্য, স্বচ্ছ নির্বাচনের মাধ্যমে রাজনৈতিক দলের হাতে ক্ষমতা হস্তান্তরের প্রক্রিয়া সুগম করা। সেক্ষেত্রে আমাদের সবার দায়-দায়িত্ব আছে। '৩৬ জুলাই শেষ হয়ে যায়নি' উল্লেখ করে তিনি আরও বলেন, সংস্কার একটি চলমান প্রক্রিয়া। সংস্কার চলতেই থাকবে। এই সংস্কার শুরু হয়েছে এবং পরবর্তীতে নির্বাচিত রাজনৈতিক সরকারের হাতে সেই সংস্কার চলবে। গণমাধ্যমে আমরা দেখেছি এখনো অন্তর্ঘাতমূলক তৎপরতা অব্যাহত রয়েছে। সীমান্তে হত্যা বন্ধ হয়নি এবং আঞ্চলিক ও পরাশক্তিগুলোর মধ্যেও আমাদের এই সাফল্য নস্যাৎ করার ষড়যন্ত্র আছে। এগুলোর ব্যাপারে আমাদের সচেতন হতে হবে। আমরা যেন এগুলো সম্মিলিতভাবে, ঐক্যবদ্ধভাবে, সচেতনতার সঙ্গে, পরিপক্বতার সঙ্গে, ধৈর্যের সঙ্গে মোকাবিলা করি। সভপতির বক্তব্যে শহিদুল ইসলাম বলেন, আমরা দীর্ঘ ১৬ বছর ফ্যাসিবাদের বিরুদ্ধে আন্দোলন করেছিলাম। আমরা তিনটা দাবি নিয়ে আন্দোলন করেছি। প্রথম দাবি ছিল এই ফ্যাসিবাদী সরকারের পদত্যাগ এবং একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা। দ্বিতীয় দাবি ছিল সাগর-রুনিসহ সকল সাংবাদিক হত্যার বিচার। তৃতীয় দাবি ছিল সকল বন্ধ গণমাধ্যম খুলে দিতে হবে। দীর্ঘ আন্দোলন এবং সংগ্রামের পরে সর্বশেষ জুলাই বিপ্লবের মধ্য দিয়ে, ছাত্র জনতার রক্তের ওপর দিয়ে আজকে এই ফ্যাসিবাদের পতন হয়েছে। কিন্তু দেশ স্বাধীন হওয়ার পরেও এখনো দুটি দাবি আদায় হয়নি। সেগুলো হলো, সাগর-রুনিসহ সকল সাংবাদিক হত্যার বিচার হয়নি। আমরা উপদেষ্টা পরিষদের কাছে আহ্বান রাখতে চাই, অবিলম্বে সকল সাংবাদিক হত্যার বিচার করতে হবে। এর বাইরে আমরা কোনো কথা শুনতে চাই না। কোনো তালবাহানা দেখতে চাই না। আমরা ১৬ বছর ধরে যে দাবি করে আসছি সেটার থেকে এক চুলও নড়বো না। সাগর রুনিসহ ৬৫ জন সাংবাদিক হত্যার বিচার করতে হবে। এরপরে সকল বন্ধ গণমাধ্যমগুলোকে খুলে দিতে হবে।

## সাবেক ডিএমপি কমিশনার

'বন্দুকযুদ্ধে' নুরুজ্জামান জনি নিহত হন। এ ঘটনার ৯ বছর পর গত ২ সেপ্টেম্বর জনির বাবা ইয়াকুব আলী খিলগাঁও থানায় মামলা করেন। মামলা পুলিশের ১৩ সদস্য এবং সাবেক এমপি সাবের হোসেন চৌধুরীসহ আওয়ামী লীগের ৪৯ জনকে আসামি করা হয়। মামলার অভিযোগে বলা হয়েছে, ২০১৫ সালের ১৯ জানুয়ারি সকাল আনুমানিক ৮টা ১৫ মিনিটের দিকে নুরুজ্জামান জনি ও তার সহপাঠী মইন ঢাকা কেন্দ্রীয় কারাগারে ছোট ভাই মনিরুজ্জামান হীরাকে দেখতে যান। কেন্দ্রীয় কারাগার থেকে ফেরার পথে আসামিরা জনি ও মইনকে ডিবি পরিচয়ে আটক করে অজ্ঞাত স্থানে নিয়ে নির্যাতন চালায়। এসময় নুরুজ্জামান জনির স্ত্রী মুনিয়া পারভিনসহ আত্মীস্বজনরা খিলগাঁও থানা, ডিবি দক্ষিণ অফিস, ঢাকা মেট্রোপলিটন পুলিশ অফিসসহ বিভিন্ন থানায় খোঁজ করেন উল্লেখ করে অভিযোগে বলা হয়, প্রায় দুই দিন ধরে খোঁজাখুঁজির পরও নুরুজ্জামান জনির কোনো সন্ধান পাওয়া যায় না। ২০ জানুয়ারি রাত আনুমানিক ৩টা থেকে সাড়ে ৩টার দিকে খিলগাঁও থানার জোড়াপুকুর খেলার মাঠের আশপাশের মানুষজন কান্নার শব্দ শুনতে পান। নির্যাতিত ব্যক্তি চিৎকার করতে থাকেন। ঘটনাস্থলের পাশে সি ব্লকের বাসিন্দা লাভলী বেগম ও এ ব্লকের বাসিন্দা সাইফুদ্দিনের স্ত্রী সানজিদা আক্তার সেতু কান্না ও চিৎকারের শব্দ শুনতে পান। সেই সময় গুলির শব্দ পান আশপাশ এলাকার বাসিন্দারা। ভোরে বাদীসহ প্রতিবেশীরা খিলগাঁও থানার জোড়াপুকুর মাঠের দিকে গিয়ে পুলিশ সদস্যদের দেখতে পান।এসময় স্থানীয়দের পুলিশ জানিয়েছে, নুরুজ্জামান জনি পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত হয়েছেন। তার লাশ ঢাকা মেডিকেল হাসপাতালে নেওয়া হচ্ছে। বাদী ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে গিয়ে দেখতে পান নুরুজ্জামানের বুকের বামে, ডান দিকে, দুই হাতের তালুতে ১৬টি গুলির চিহ্ন ছিল বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। অন্যদিকে গতকাল বৃহস্পতিবরা গ্রেপ্তারর দেখানো মামলার আবেদনে বলা হয়, মামলার বাদীর ছেলে আ: আজিজ পেশায় গার্মেন্টস কর্মী। গার্মেন্টসের বিভিন্ন খুচরা পন্য ক্রয় করে অন্যত্র বিক্রয় করে নিজের এবং পরিবারের বায় নির্বাহ করতেন। ঘটনার দিন গত ৫ আগস্ট ভিকটিম আজিজ উত্তরাস্থ একটি অফিস থেকে গার্মেন্টসের স্টক লড আনার জন্য সকালে গাজীপুর থেকে ঢাকার উত্তরার দিকে রওয়ানা দেন। সকাল ৭টার দিকে উত্তরা হাউজ বিল্ডিং ফাইন্যান্স করপোরেশনের সামনে পৌঁছামাত্র ওই স্থানে অবস্থানরত পুলিশ এবং অবৈধ অস্ত্র-সস্ত্রে সজ্জিত আওয়ামী লীগ, যুবলীগ শ্রমিক লীগ, ছাত্রলীগের ক্যাডাররা সম্পূর্ণ বিনা উসকানিতে ভিকিটিম আজিজের উপর এলোপাতাড়ি গুলিবর্ষণ করেন। ওই সময়ে ভিকটিম গুলিবিদ্ধ হয়ে রাস্তায় পড়ে থাকলে প্রত্যক্ষদর্শী পথচারীরা তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। চিকিৎসা অবস্থায় গত ৭ আগস্ট ভিকটিম ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন। এ মামলায় এজাহারনামীয় ৬ নং আসামি আছাদুজ্জামান মিয়া।

## তারেক সিদ্দিকসহ ১০ সাবেক সেনা

জেনারেল জিয়াউল আহসান (বরখাস্ত), ডিবির সাবেক ডিসি মো. আব্দুল বাতেন, মো. মোখলেসুর রহমান, ডিবির সাবেক এডিসি গোলাম মোস্তফা রাসেল, গোলাম সাকলাইন, ডিবির সাবেক এসি মাহমুদ নাসের জনি, ডিবির সাবেক পরিদর্শক মো. আবু আজিফ ও সিরাজুল ইসলাম খান।

মামলার আবেদনে বলা হয়, বাদী তৌহিদুল ইসলামকে ২০১৮ সালের ২৭ ডিসেম্বর এলিফ্যান্ট রোডের বাসা থেকে সাদা পোষাকে তুলে নিয়ে যায়। দুই দিন গুম করে রাখার পর ২৯ ডিসেম্বর তাকে দুটি ভুয়া মামলা দিয়ে কারাগারে পাঠিয়ে দেওয়া হয়। পরবর্তীতে জামিন পেয়ে তিনি এসব বিষয়ে অভিযোগ জানাতে থানায় গেলেও সাধারণ ডায়েরিও (জিডি) নথিভুক্ত করা হয়নি।

## আগারগাঁও-মতিঝিল অংশে

স্প্রিং সরে যাওয়ার মেট্রোরেল চলাচলে ঝুঁকি তৈরি হয়েছে। জানা যায়, ফার্মগেট স্টেশনের কাছে ইসলামিয়া চক্ষু হাসপাতালের সামনের একটি পিলারের উপরে ভায়াডাক্টের ৪টি স্প্রিং থেকে একটি স্প্রিং সরে গেছে। ফলে সেখানে রুট অ্যালাইনমেন্ট উঁচু-নিচু হয়ে গেছে। এ বিষয়ে মেট্রোরেল পরিচালনাকারী প্রতিষ্ঠান ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুর রউফ বলেছিলেন, একটি টেকনিক্যাল সমস্যা হয়েছে। সেটি সারানোর কাজ চলছে। ঘণ্টা দেড় থেকে দুই লাগতে পারে। ইতোমধ্যে কাজ শুরু হয়ে গেছে। তিনি আরও জানান, সেখানে ভায়াডাক্টে কারিগরিভাবে চারটি স্প্রিং থাকে। এর মধ্যে একটি স্প্রিং সরে যাওয়া ডিসপ্লেস-ওয়েতে দেখা যাচ্ছে। আমরা বিষয়টি আইডেন্টিফাই করতে পেরেছি। এর মধ্যে ট্রেন চালানো যায়, তবে সেটি ঝুঁকিপূর্ণ হয়ে যায়। যাত্রীদের নিরাপত্তার জন্য বিষয়টি সমাধান করে তারপর ট্রেন চালানো হবে। এদিকে দিনভর মেট্রোরেল বন্ধ থাকায় ভোগান্তিতে পড়েন এর নিয়মিত যাত্রীরা। আগারগাঁও মেট্রো স্টেশনের নিচে বাসের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হয় তাদের। অবশ্য মেরামত শেষে রাতে ওই অংশে ট্রেন চলাচল স্বাভাবিক হওয়ার কথা জানায় মেট্রোরেল কর্তৃপক্ষ।

## যশোরের কেশবপুরে ৪০ হাজার

নিয়েছেন। বাড়ির উঠানে বন্যার পানিতে জাল ফেলে মাছ ধরছেন কেউ কেউ। অপরদিকে খানপাড়ার কয়েকটি পরিবারের লোকজন যশোর-চুকনগর সড়কের মধ্যকূল তেলপাম্প এলাকার একটি উঁচু ভবনে এসে আশ্রয় নিয়েছেন। হরিহর নদের মধ্যকূল এলাকা দিয়ে নদ উপচে পানি ঢোকা বন্ধ করতে গ্রামবাসীকে বাঁধ নির্মাণ করতে দেখা যায়। মধ্যকূল গ্রামের আবদুর রহিম জানান, তার মাছের ঘের ভেসে গিয়ে ব্যাপক ক্ষতি হয়েছে। উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, বন্যার পানিতে এ পর্যন্ত ১৭৩ হেক্টর আমন ধান, ৩০০ হেক্টর সবজি, ২১ হেক্টর মরিচ, ৩০ হেক্টর হলুদ, সাড়ে নয় হেক্টর তুলা, ২১ হেক্টর কলা, সাড়ে ২৫ হেক্টর পান ও ২৫ হেক্টর ফুল ক্ষেত তলিয়ে গেছে। উপজেলা মৎস্য কর্মকর্তা সজীব সাহা বলেন, বন্যার পানিতে কেশবপুরে প্রায় তিন হাজার ৬৪০টি মাছের ঘের ও দুই হাজার ৪২০টি পুকুর ভেসে গেছে। এতে মাছ চাষিদের প্রায় দুই হাজার ১৫ মেট্রিক টন মাছ ভেসে ৫০ কোটি টাকার ক্ষতি হয়েছে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয়ের অফিস সহকারী নিয়াজ মোহাম্মদ ফয়সাল বলেন, টানা বর্ষণে কেশবপুরের প্রায় প্রত্যেকটি ইউনিয়নই কমবেশি জলাবদ্ধতার শিকার হয়েছে। ১০৪টি গ্রামের ১০ হাজার ৩০টি পরিবারের ৪০ হাজার মানুষ পানিবন্দি অবস্থায় রয়েছে। তিনি জানান, ইতোমধ্যে সরকারিভাবে ৩০ টন' চাল বরাদ্দ দেওয়া হয়েছে। নগদ দেড় লাখ টাকা এসেছে। এখনও মালামাল কেনা হয়নি।

## ডিএসইতে ২ স্বতন্ত্র পরিচালক

জেনারেল কামরুজ্জামান, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব নাহিদ হোসেন, বাংলাদেশ সেনাবাহিনীর ৪৬ ব্রিগেডের ব্রিগেডিয়ার জেনারেল মফিজুল ইসলাম রাশেদ। মেটলাইফ বাংলাদেশের সাবেক মহাব্যবস্থাপক সৈয়দ হামাদুল করীম ও বাংলাদেশ ব্যাংকের (লিয়েন) চিফ ইনফরমেশন সিকিউরিটি অফিসার ইসহাক মিয়াও স্বতন্ত্র পরিচালকের দায়িত্ব পান। আর দায়িত্ব নিতে অপারগ জানান ডিএসই সাবেক ব্যবস্থাপনা পরিচালক কে এ এম মাজেদুর রহমান এবং গবেষণা প্রতিষ্ঠান সিরডাপের পরিচালক (গবেষণা) হেলালউদ্দিন।

## আরটিভি ও বঙ্গবন্ধু সাংস্কৃতিক

গতকাল বৃহস্পতিবার সকালে সুপ্রিম কোর্টের আইনজীবী মীর হালিম এই নোটিশ প্রেরণ করেন। নোটিশদাতা অ্যাডভোকেট মীর হালিম বলেন, মহান নেতা, স্বাধীনতার ঘোষক, বাংলাদেশে বহু দলীয় গণতন্ত্রের প্রবক্তা ও জনপ্রিয় দল বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমকে ইনডেমনিটি নাটকের আড়ালে নেতিবাচক উপস্থাপনা হাজারো মানুষের সঙ্গে আমাকে ব্যথিত করেছে। বিএনপির নেতাকর্মী, জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্য এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের একনিষ্ঠ অনুসারীদের পক্ষ থেকে সংক্ষুব্ধ হয়ে আমি এই লিগ্যাল নোটিশটি পাঠিয়েছি। ১৯৭৫ সালে তৎকালীন রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডের পর পরবর্তী রাষ্ট্রপতি খন্দকার মোশতাক আহমেদের জারি করা দায়মুক্তি আধ্যাদেশের সঙ্গে জিয়াউর রহমানকে জড়িয়ে দেশের বেসরকারি টেলিভিশন চ্যানেল আরটিভিতে ২০২০ সালের ২৬ সেপ্টেম্বর রাত ৮টায় প্রচারিত হয় বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের আয়োজনে রচিত মঞ্চ নাটক 'ইনডেমনিটি'। অ্যাডভোকেট মীর হালিম বলেন, এই নাটকের মাধ্যমে রাজনৈতিক হীন স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে এবং বিশ্ব নন্দিত মহান নেতা জিয়াউর রহমানের দেশপ্রেম ও নেতৃত্বকে প্রশ্নবিদ্ধ করতে উনাকে মানহানিকর ভাবে উপস্থাপন করা হয়েছে যা অসত্য এবং ইতিহাসকে বিকৃত করার শামিল। নোটিশে তিনি বলেন, নাটকটির রচয়িতা ও পরিচালক মান্নান হীরার পরিক্রয় প্রকাশিত কনসেপ্ট থেকে বোঝা যায় ইনডেমনিটি অধ্যাদেশের বিরুদ্ধে প্রতীকী প্রতিবাদ স্বরূপ বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট এই মঞ্চ নাটকটি পরিবেশন করে। ৪৩ মিনিটের নাটকটি শুরুর উপস্থাপনা করেন বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের সভাপতি ও সাবেক ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী অ্যাডভোকেট তারানা হালিম। টেলিভিশন টকশোতে এ বিষয়ে বিতর্কিত মন্তব্য করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি আ আ ম স আরেফিন সিদ্দিক। নাটকটিতে বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন সাজু খাদেম (জিয়াউর রহমানকে ব্যঙ্গাত্মকভাবে উপস্থাপন), ফজলুর রহমান বাবু, চিত্রনায়ক রিয়াজসহ অনেকে। এই আইনজীবী বলছেন, একুশে পদকপ্রাপ্ত ছড়াকার আবু সালেহ নাটকে জিয়াউর রহমানকে ইতিহাস বিকৃত করে রাজনৈতিক হীন উদ্দেশ্যে নেতিবাচকভাবে উপস্থাপনের অভিযোগে সাবেক প্রতিমন্ত্রী তারানা হালিম, আরটিভির চেয়ারম্যান আলহাজ মোরশেদ আলম ও অভিনেতা সাজু খাদেমসহ পাঁচ জনের বিরুদ্ধে আদালতে মামলার আবেদন করেছিলেন। কিন্তু তৎকালীন আদালত তা খারিজ করে দিয়েছিল। ছাত্র-জনতার জুলাই বিপ্লব ও গণঅভ্যুত্থানের ফলে পরিবর্তিত পরিস্থিতিতে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে মানহানির ন্যায়বিচার পাবে বলে নোটিশদাতা ও সংশ্লিষ্ট সবাই আশা করে বলে নোটিশে জানানো হয়েছে। একইসঙ্গে ইনডেমনিটি নাটকে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সম্পর্কে যে ভুল ও মানহানিকর তথ্য উপস্থাপন করা হয়েছে তা আগামী ৩০ দিনের মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমসহ যেসব প্রচার মাধ্যমে এ-সংক্রান্ত তথ্য ও ভিডিও রয়েছে তা সরিয়ে নিতে বলা নোটিশে অনুরোধ জানানো হয়েছে। ভবিষ্যতে এ ধরনের কাজে বিরত থাকতে হবে এবং জনসম্মুখে ক্ষমা প্রার্থনারও আহ্বান জানানো হয়েছে। অন্যথায় উপযুক্ত আদালতে যথাযথ আইনি প্রক্রিয়া গ্রহণ করা হবে বলেও নোটিশে উল্লেখ করা হয়েছে।

## বকেয়া বেতন দাবিতে টঙ্গীর তিন

৯টা থেকে সিজন্স ড্রেসেস লিমিটেডের শ্রমিকরা জুলাই মাসের বকেয়া বেতনের দাবিতে মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছিলেন। ওই সময় কারখানা কর্তৃপক্ষ থেকে ওই মাসের অর্ধেক বেতন দেয়া হয়। গাজীপুর শিল্পপুলিশের সহকারী পুলিশ সুপার (টঙ্গী অঞ্চল) মোশাররফ হোসেন জানান, সিজন্স ড্রেসেস লিমিটেড পোশাক কারখানার শ্রমিকদের আগামী রোববার বকেয়া অর্ধেক বেতন পরিশোধের প্রতিশ্রুতি দিয়েছিল কারখানা কর্তৃপক্ষ। ঘোষণার দিন তারা মেনে নিলেও বকেয়া অর্ধেক বেতনের জন্য আবার তারা কারখানার ভেতরে কাজ বন্ধ করে কর্মবিরতি পালন করছেন। তিনি আরও জানান, গতকাল বৃহস্পতিবার বেলা ১১টা থেকে গাজীপুর টঙ্গী পশ্চিম থানার সাতাইশ রোড, উত্তর আউচপাড়া এলাকার এস আর পি সোয়েটার লিমিটেডের প্রায় দুই শতাধিক শ্রমিক আগস্ট মাসের বকেয়া বেতনের দাবিতে উৎপাদন বন্ধ রেখে কারখানার অভ্যন্তরে কর্মবিরতি পালন করছেন। সকাল ১০টার দিকে টঙ্গী পূর্ব থানার গাজীপুরা এলাকায় শিশির নিটিং অ্যান্ড ডাইং লিমিটেড কারখানার ১২৫০ জন শ্রমিক আগস্ট মাসের বকেয়া বেতনের দাবিতে কারখানার অভ্যন্তরে কর্মবিরতি পালন করছেন। ঘটনাস্থলে শিল্প-পুলিশ রয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও আইনশৃঙ্খলা বাহিনীর সমন্বয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে চেষ্টা করা হচ্ছে।

## ঢাবি-জাবির ঘটনায় জড়িতদের দ্রুত

শিক্ষার্থীরা কোনো হামলাকারীর সঙ্গে ক্লাস ও পরীক্ষায় বসতে পারে না। ক্যাম্পাসে ক্যাম্পাসে ছাত্রলীগের হামলাকারীদের বিরুদ্ধে এখনও মামলা হয়নি। প্রশাসনিকভাবে কোনো আইনগত ব্যবস্থাও নেওয়া হয়নি। জুলাই বিপ্লবে শিক্ষার্থীদের ওপর প্রকাশ্যে হামলায় জড়িতদের বিরুদ্ধে প্রশাসনকে দ্রুত আইনি ব্যবস্থা নিতে হবে। তিনি বলেন, গত ১৬ বছর ক্যাম্পাসে অনেকে ফ্যাসিস্ট হাসিনার গুণ্ডাবাহিনীর দ্বারা নির্যাতিত হয়েছেন। হাসিনার অত্যাচারী শাসনামলে ছাত্রদল, ছাত্রশিবির কিংবা অন্যান্য রাজনৈতিক দলে যারা তার বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে গেছেন, গণতন্ত্র-ন্যায় এবং সত্যের পক্ষে কথা বলেছেন তারা অনেকেই নির্বিচারে মামলার শিকার হয়েছেন। অতীতে যারা হাসিনাকে স্বৈরতন্ত্র টিকিয়ে রাখতে লাঠিয়াল হিসেবে গণতন্ত্রের পক্ষে কথা বলা ব্যক্তিদের ওপর নির্যাতন করেছেন, সব বিশ্ববিদ্যালয় প্রশাসনের উচিত তাদের বিচারের আওতায় আনা। বিভিন্ন রাজনৈতিক ট্যাগ দিয়ে যাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দেওয়া হয়েছে, তাদের মামলা প্রত্যাহার করা হোক। ট্যাগিংয়ের মাধ্যমে যারা নির্যাতন ও নিপীড়ন চালিয়েছেন, তাদেরও বিচারের আওতায় আনতে হবে। যেসব শিক্ষক নির্যাতনে সহযোগিতা করেছেন, তাদের বিচারের দাবি জানিয়ে হাসনাত আবদুল্লাহ বলেন, ফ্যাসিস্ট হাসিনার শাসনামলে যেসব শিক্ষক শিক্ষার্থীদের ওপর হওয়া নির্যাতনকে সমর্থন করেছেন বা সহযোগী হিসেবে কাজ করেছেন, তাদের বিরুদ্ধে প্রশাসনকে নিয়মানুযায়ী ব্যবস্থা নিতে হবে। যেসব শিক্ষক, ক্লাসরুমে বসে যে শিক্ষক নৈতিকতার পাঠ দিয়েছেন, তিনিই আবার স্বৈরাচারের দোসর হিসেবে কাজ করেছেন। অন্যায়কে পরোক্ষভাবে সমর্থন করেছেন। নতুন বাংলাদেশে আমরা এমন শিক্ষক চাই, যারা তাদের শিরদাঁড়া উঁচু করে কথা বলবেন এবং শিক্ষকের মহান মর্যাদা সমুন্নত রাখবেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের এই সমন্বয়ক বলেন, মবলিঞ্চিং কোনো অবস্থাতেই কোনো সমাধান হতে পারে না। এটা একটা সুস্পষ্ট অপরাধ। যে বা যারাই এর সঙ্গে জড়িত, তাদের চিহ্নিত করে শাস্তির মুখোমুখি করতে হবে। সাধারণ শিক্ষার্থী দাবি করে কেউ যেন পার পেয়ে যেতে না পারে। সব মিলিয়ে আমরা কোনো হামলাকারী বা নির্যাতনকারীর পুনর্বাসন চাই না। ফ্যাসিবাদ-উত্তর বাংলাদেশের প্রতিটি ক্যাম্পাস হবে জঞ্জালমুক্ত। তিনি বলেন, সাধারণ শিক্ষার্থী পরিচয়ে ছাত্রলীগের চিহ্নিত সন্ত্রাসীদের পুনর্বাসনের কোনো পথ যেমন উন্মুক্ত নেই, তেমনই আইন নিজের হাতে তুলে নিয়ে অপরাধে অভিযুক্ত হলে তাকেও শাস্তি পেতে হবে। এ বিষয়ে প্রশাসন এবং সাধারণ শিক্ষার্থীদের সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করছি। পাশাপাশি স্বৈরাচারী হাসিনার ফাসিস্ট রেজিমকে পাকাপোক্ত করতে যেসব সুশীলরা কালচারালি কিংবা পলিটিকালি মদদ যুগিয়েছিল, নয়া রাজনৈতিক বন্দোবস্তের আলাপে তাদের পুনর্বাসনের ক্ষেত্রেও আমাদের সতর্ক থাকতে হবে। গত বুধবার সন্ধ্যায় চোর সন্দেহে তোফাজ্জল নামে এক যুবককে আটক করে ফজলুল হক মুসলিম হলের শিক্ষার্থীরা। পরে সে গণপিটুনির শিকার হয়। এরপর রাত ১২টার দিকে কয়েকজন শিক্ষার্থী ওই যুবককে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। গত বুধবার বিকালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) জয় বাংলা ফটক এলাকায় বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা শামীম আহমেদ ওরফে শামীমকে মারধর করে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। পরে তাকে বিশ্ববিদ্যালয়ের 'প্রক্টরিয়াল বডি'র হাতে তুলে দেওয়া হয়। একপর্যায়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন তাকে আশুলিয়া থানা-পুলিশের কাছে সোপর্দ করে। এরপর রাত ৯টার দিকে চিকিৎসার জন্য সাভারের গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

## ঢাকা চাইলে হাসিনাকে হস্তান্তর

। বাংলাদেশের আদালতে এখনও দোষী প্রমাণিত না হলেও হাসিনাকে প্রত্যর্পণ করা যেতে পারে। ভারত থেকে প্রত্যর্পণের প্রক্রিয়া শুরু করার জন্য তাকে এসব অপরাধে অভিযুক্ত করাই যথেষ্ট। এছাড়া ভারত-বাংলাদেশ প্রত্যর্পণ চুক্তির অনুচ্ছেদ ১০(৩)-এর আওতায় প্রত্যর্পণ চাওয়ার জন্য অনুরোধকারী রাষ্ট্রের পক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের জারি করা গ্রেপ্তারি পরোয়ানাও যথেষ্ট। এক্ষেত্রে অনুরোধ জানানো রাষ্ট্রের কাছে সংঘটিত অপরাধের প্রমাণ শেয়ার করার দরকার নেই। ২০১৬ সালে চুক্তিতে আনা একটি সংশোধনীর কারণে এটির দরকার নেই। তবে মূল চুক্তিতে অনুরোধকারী রাষ্ট্রকে অনুরোধ জানানো দেশের কাছে গ্রেপ্তারি পরোয়ানাসহ অন্যান্য প্রমাণ শেয়ার করার শর্ত ছিল। অভিযুক্তদের প্রত্যর্পণ ত্বরান্বিত করার জন্য ২০১৬ সালে অপরাধের প্রমাণ শেয়ার করার প্রয়োজনীয়তা বাতিল করা হয়।

যে কারণে বাংলাদেশ এ ধরনের অনুরোধ করলে শেখ হাসিনাকে হস্তান্তর করার আইনি বাধ্যবাধকতা রয়েছে ভারতের। তবে ভারত-বাংলাদেশ প্রত্যর্পণ চুক্তিতে কোনও ব্যক্তিকে প্রত্যর্পণের ক্ষেত্রে কিছু ব্যতিক্রম বিধানও রয়েছে। প্রথমত, ৬ নম্বর অনুচ্ছেদে অপরাধী ব্যক্তি যদি রাজনৈতিক নেতা হন, তাহলে তার প্রত্যর্পণ প্রত্যাখ্যান করা যেতে পারে। আবার ১৯৬২ সালের প্রত্যর্পণ আইনের ৩১(১) ধারায় রাজনৈতিক ছাড়ের বিধান রয়েছে। তাহলে শেখ হাসিনার প্রত্যর্পণে অস্বীকৃতি জানানোর জন্য ভারত কি এসব বিধানের ওপর নির্ভর করতে পারে? এর জবাব হলো, না। কারণ চুক্তির ৬(২) ধারায় বিশেষভাবে হত্যা ও অন্যান্য অপরাধের মতো অপরাধকে বাদ দেওয়া হলেও আন্তর্জাতিক আইন গণহত্যা এবং মানবতার বিরুদ্ধে অপরাধকে রাজনৈতিক অপরাধ হিসেবে স্বীকৃতি দিয়েছে।

দ্বিতীয়ত, যদি সেই ব্যক্তির প্রত্যর্পণ অপরাধের দায়ে আদালতে বিচার করা হয়, তাহলে অনুরোধকৃত রাষ্ট্রকে প্রত্যর্পণের অনুরোধ প্রত্যাখ্যান করার অনুমতি দিয়েছে অনুচ্ছেদ ৭। এই বিধানটি হাসিনার ক্ষেত্রে প্রযোজ্য হবে না। কারণ তিনি ভারতীয় আদালতে বিচারের মুখোমুখি হবেন, এমন কোনও অপরাধের অভিযোগ নেই।তৃতীয়ত, চুক্তির অনুচ্ছেদ ৮(১)(এ)(আইআইআই) ধারায় বলা হয়েছে, যদি একজন ব্যক্তি প্রত্যর্পণের জন্য অনুরোধকৃত রাষ্ট্রকে বোঝাতে পারেন যে, তাকে হস্তান্তর করা হলে দেশে তিনি ন্যায়বিচার পাবেন না এবং তাকে প্রত্যর্পণ করাটা নিপীড়নমূলক হবে, তাহলে অনুরোধকৃত রাষ্ট্র সমস্ত পরিস্থিতি বিবেচনা করে তাকে প্রত্যর্পণ করা থেকে বিরত থাকতে পারে। কারণ ওই ব্যক্তির বিরুদ্ধে তোলা অভিযোগ ''ন্যায়বিচারের স্বার্থে সরল বিশ্বাসে'' করা হয়নি বলে জানাতে পারবে অনুরোধকৃত রাষ্ট্র।

একই নীতি ১৯৬২ সালের প্রত্যর্পণ আইনের ২৯ ধারায় প্রতিফলিত হয়েছে। শেখ হাসিনার ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হতে পারে। যে পরিস্থিতিতে তিনি ক্ষমতা থেকে বিদায় নিয়েছেন এবং তার রাজনৈতিক প্রতিপক্ষরা বাংলাদেশে বিভিন্ন বিষয় পরিচালনা করছেন, তাতে যুক্তি দেওয়া যেতে পারে যে, তার বিরুদ্ধে আনা অভিযোগ প্রতিহিংসা ও রাজনৈতিক শত্রুতার দ্বারা প্রভাবিত। যদি তাকে বাংলাদেশে ফেরত পাঠানো হয়, তাহলে তার সুষ্ঠু বিচার না পাওয়ার ঝুঁকি রয়েছে। সুতরাং তার প্রত্যর্পণ হবে নিপীড়নমূলক এবং অন্যায্য।এই ব্যাখ্যা বাংলাদেশের পক্ষে গ্রহণযোগ্য নাও হতে পারে। যারা দাবি করবে, শেখ হাসিনাকে তার স্বৈরাচারী শাসনের জন্য জবাবদিহি করা হবে ন্যায়বিচারের স্বার্থেই। কোনও বিরোধ নিস্পত্তিকারী সংস্থা কার ব্যাখ্যা সঠিক তা নির্ধারণ না করা পর্যন্ত ৮(১)(এ)(আইআইআই) ধারা অনুযায়ী, উভয়পক্ষই নিজেদের আইনি ব্যাখ্যায় অটল থাকতে পারে।

তবে ভারতের সামনে আরেকটি আইনি বিকল্প আছে। তবে সেটি হবে কঠিন। চুক্তির ২১(৩) ধারায় ভারতকে যেকোনও সময় নোটিশ দিয়ে এই চুক্তি বাতিল করার ক্ষমতা দেওয়া হয়েছে। সেক্ষেত্রে নোটিশ প্রকাশের তারিখ থেকে পরবর্তী ছয় মাস পর চুক্তিটি আর কার্যকর থাকবে না। এছাড়া চুক্তি বাতিলের আগে করা প্রত্যর্পণের অনুরোধের প্রক্রিয়া করার বিষয়ে চুক্তিতে কিছু বলা হয়নি।ভারত এই বিকল্প ব্যবহার করবে কি না তা নির্ভর করবে দেশটি শেখ হাসিনাকে কতটা মূল্য দেয় তার ওপর; যিনি নয়াদিল্লির ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। নয়াদিল্লি শেখ হাসিনার পাশে দাঁড়াতে চায়। একতরফাভাবে চুক্তিটি বাতিল করলে ঢাকার সঙ্গে দিল্লির সম্পর্ক খারাপ হতে পারে; যা ভারতের বিভিন্ন কৌশলগত ও কূটনৈতিক সম্পর্কের জন্য অসহনীয় হয়ে উঠতে পারে।

দিন শেষে শেখ হাসিনাকে প্রত্যর্পণের আহ্বান এখন আইনি বিষয়ের চেয়ে অনেকটা রাজনৈতিক হয়ে গেছে। তবে ভারত যে সিদ্ধান্তই গ্রহণ করুক না কেন, তাদের রাজনৈতিক চাহিদা পূরণ এবং যেকোনও সিদ্ধান্তের ন্যায্যতার জন্য আন্তর্জাতিক আইনের ভাষাকে দক্ষতার সাথে ব্যবহার করা উচিত।

## জনবান্ধব পুলিশ যেন বাস্তবে হয়

সেসব নিয়ে কথা হয়েছে। বৈঠকে মূলত আলোচনা হয়েছে যে, পুরনো ফর্মে কত দ্রুত পুলিশ ফিরে যেতে পারে, সে বিষয়ে। তারা যেন জনবান্ধব পুলিশ হতে পারে। সবার আশা, পুলিশ যেন জনবান্ধব হতে পারে, বলছিলেন স্বরাষ্ট্র উপদেষ্টা। সারা দেশে যেসব মামলা হচ্ছে, সেখানে শত শত আসামি করা হচ্ছে। অনেকক্ষেত্রে মামলার বাদীও জানেন না কত আসামি, কারা আসামি- এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, এখন পুলিশ কোনো মামলা দিচ্ছে না। আগে পুলিশ ১০ জনের নাম দিয়ে অজ্ঞাত হাজার হাজার আসামি করেছে। এখন কিন্তু সাধারণ মানুষ মামলা দিচ্ছে। পুলিশ যদি এমন মামলা দেয় আমাকে বলবেন। এখন যেসব মামলা হচ্ছে, এগুলো করছেন সাধারণ মানুষ উল্লেখ করে জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, এ বিষয়ে সাধারণ মানুষকে বলতে হবে যে, তারা যেন অরিজিনাল ক্রিমিনালকে (মামলায়) আসামি করেন। যারা দোষী, (মামলায়) যেন শুধু তাদেরই নাম দেওয়া হয়। অন্য কারও নাম যেন নাম দেওয়া না হয়। অন্য কারো নাম দিলে সেটা তদন্ত করতেও সময় বেশি যাবে। নিরীহ লোক যেন হেনস্থার শিকার না হন, সে বিষয়ে সতর্ক করে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, আজও ডিবি-কে বলা হয়েছে, তারা তাদের নিজেদের পরিচয় দিয়ে এবং আসামি বা অপরাধীর পরিচয় নিশ্চিত হয়ে তাদের ধরেন। আমি শুধু বলবো ক্রিমিনালকে ধরতে, সাধারণ মানুষকে নয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) চোর সন্দেহে এক যুবককে ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) সাবেক এক ছাত্রলীগ নেতাকে পিটিয়ে হত্যার ঘটনা প্রসঙ্গে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, তারা তো (শিক্ষার্থী) সবচেয়ে শিক্ষিত। একজন অপরাধ করলে তাকে আইনের হাতে সোপর্দ করেন। আইন তো নিজের হাতে তুলে নেওয়ার কারও অধিকার নেই। সাম্প্রতিক এমন 'মব জাস্টিস' প্রসঙ্গে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, কেউ যেন আইন নিজের হাতে তুলে না নেয়। অপরাধী হলেও ওই ব্যক্তিকে আইনের হাতে তুলে দিতে হবে।

## বেক্সিমকো গ্রুপের সব সম্পত্তি

চার সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংকের গর্ভনর, অর্থ সচিব, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড, সাবেক সংসদ সদস্য ও সাবেক প্রধানমন্ত্রীর উপদেষ্টা এবং বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেডের প্রতিষ্ঠাতা সালমান এফ রহমানকে রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে আবেদনের পক্ষে ছিলেন রিটকারী আইনজীবী ব্যারিস্টার মাসুদ আর সোবহান। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল রেদওয়ান আহমেদ রানজীব ও সহকারী অ্যাটর্নি জেনারেল মুজাহিদুল ইসলাম শাহীন।

## আশুগঞ্জ উপজেলা সিনিয়র যুগ্ম সম্পাদক মো.নাসির বহিস্কার

**ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি :** দলীয় শৃংখলঅ বিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে আশুগঞ্জ উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক মো.নাসির মুন্সিকে বহিস্কার করেছে জেলা বিএনপি। এ বিষয়ে জেলা বিএনপির আহ্বায়ক অ্যাডভোকেট আবদুল হান্নান এবং সদস্য সচিব আলহাজ সিরাজুল ইসলামস সিরাজ স্বাক্ষরিত একটি চিঠি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। চিঠিতে বলা হয়, সুস্পষ্ট প্রমান সাপেক্ষে মানুষকে হুমকি, ভয়ভীতি প্রদর্শন এবং দলীয় আদর্শ পরিপন্থী কর্মকাণ্ডে লিপ্ত থাকা কারণে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ উপজেলঅর বিএনপির যুগ্ম সম্পাদক মো.নাসির মুন্সিকে পদ থেকে বহিস্কার করা হয়েছে।

## বরিশালে আইনজীবীকে অপহরনের চেষ্টা

**বরিশাল প্রতিবেদক :** জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও নগরীর সদর রোডস্থ জামে বায়তুল মোকাররম জামে মসজিদ কমিটির সভাপতি অ্যাডভোকেট সৈয়দ গোলাম মাসউদ বাবলুকে মারধর করে অপহরনের চেষ্টা চালিয়ে চিহ্নিত সন্ত্রাসীরা। এ ঘটনায় গত বুধবার রাতে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে অ্যাডভোকেট বাবলু জানান, গত বুধবার যোহরের নামাজ আদায় শেষে বায়তুল মোকাররম মসজিদ থেকে বের হওয়ার পর সদর রোডের বাসিন্দা মৃত নাসির উদ্দিন ভুইয়ার ছেলে সাগর উদ্দিন মন্টি, আগরপুর রোডের বাসিন্দা শাকিব হোসেনসহ তাদের ৪/৫ জন সহযোগিরা অর্তকিতভাবে তার ওপর হামলা চালিয়ে মারধর করে। একপর্যায়ে হামলাকারীরা নিজেদের বিএনপির লোক দাবি করে গত ৪ আগস্ট বরিশাল বিএনপির কার্যালয়ে হামলার অভিযোগ এনে তাকে (বাবলু) টেনে হিচড়ে অপহরণ করে নিয়ে যাওয়ার চেষ্টা করে। এ সময় মুসল্লীরা সম্মিলিতভাবে এগিয়ে আসলে হামলাকারীরা দ্রুত স্থান ত্যাগ করে। হামলার শিকার অ্যাডভোকেট বাবলু আরও জানিয়েছেন, হামলার ঘটনা তিনি স্থানীয় বিএনপির শীর্ষ নেতাদের অবহিত করার পর তারা সকলেই জানিয়েছে সাগর উদ্দিন মন্টি ও শাকিব হোসেন বিএনপির কেউ না। পরবর্তীতে বিএনপি নেতাদের পরামর্শে তিনি (বাবলু) কোতোয়ালি মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

## বরিশালে পরিচ্ছন্নতা অভিযান

**বরিশাল প্রতিবেদক :** নগরীর জলাবদ্ধতা নিরসনে জেল খালে পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধণ করেছে জেলা প্রশাসন। গতকাল বৃহস্পতিবার সকাল সোয়া সাতটার দিকে মড়কখোলার পুল এলাকা থেকে এ কর্মসূচির উদ্বোধণ করেছেন নবাগত জেলা প্রশাসক মোঃ দেলোয়ার হোসেন। পরিচ্ছন্নতা অভিযানে বিভিন্ন শ্রমিক, স্বেচ্ছাসেবী সংগঠন ও স্কুল-কলেজের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। সরকারি ব্রজমোহন কলেজের শিক্ষার্থী দীপ্ত কুমার দে বলেন, জেল খাল হচ্ছে নগরীর ধমনি কিন্তু এলাকাবাসীর ময়লা ফেলা এবং সিটি করপোরেশন সঠিকভাবে পরিস্কার না করাসহ দখল দূষণে খালটি মৃতপ্রায়। জেলা প্রশাসনের আহবানে আমরা পরিচ্ছন্নতা অভিযানে অংশগ্রহণ করেছি। স্কাউটস বরিশাল জেলা রোভোরের সহকারী কমিশনার কিশোর চন্দ্র বালা বলেন, ২০১৭ সালের ৩ নভেম্বর তৎকালীন জেলা প্রশাসনের আহবানে জেল খাল পরিচ্ছন্নতা অভিযানসহ সব খাল উদ্ধার অভিযানে সম্পৃক্ত ছিলাম। নানা প্রেক্ষাপটের কারণে সেই কাজটি স্থগিত হয়ে গিয়েছিল। কিন্তু বরিশালের মানুষের দুর্ভোগ চলছিলই। দুর্ভোগ লাঘবে সিটি করপোরেশন ও জেলা প্রশাসন পুনরায় খাল উদ্ধারে কাজ শুরু করেছে। তিনি আরও বলেন, বাংলাদেশ স্কাউটস ও জেলা রোভার সেবার মানসিকতা নিয়ে এই মহৎ কাজের সঙ্গে সম্পৃক্ত হয়েছি। বিডি ক্লিন বরিশালের বিভাগীয় সমন্বয়ক জায়েদ ইরফান বলেন, আমাদের সংগঠনের শতাধিক কর্মী সরাসরি খাল পরিস্কারের কাজে অংশগ্রহণ করেছে। বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা) বিভাগীয় সমন্বয়ক রফিকুল আলম বলেন, পরিচ্ছন্নতার এই অভিযান নিয়ে আশা-হতাশার কিছু বলবো না। ২০০৮ সাল থেকে বিভিন্ন সময়ে খাল পরিচ্ছন্ন, পুনরুদ্ধার ও খননের উদ্যোগ নেওয়া হয়েছে। কিন্তু সেসবের কোনো সুফল নগরবাসী পায়নি। বরিশালের নবাগত জেলা প্রশাসক মোঃ দেলোয়ার হোসেন বলেন, গত ১২ সেপ্টেম্বর আমি বরিশালে আসার পরে দেখলাম শহরে প্রচন্ড জলাবদ্ধতা। সবার সাথে কথা বলে জানলাম শহরের মধ্যে প্রবাহিত খালগুলো অপরিচ্ছন্ন থাকায় পানি কীর্তনখোলায় নামতে পারে না। তাই জেলা প্রশাসনের পক্ষ থেকে সীমিত পরিসরে জলাবদ্ধতা নিরসনের অংশ হিসেবে জেল খালের মড়কখোলার পুল এলাকা থেকে পরিচ্ছন্ন অভিযান শুরু করা হয়েছে।

## বিএম কলেজে ছাত্রলীগের দখলদারিত্বের প্রতিবাদে বিক্ষোভ

**বরিশাল প্রতিবেদক :** সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ ক্যাম্পাসে মাদক সেবন, ছাত্রলীগের দখলদারিত্ব ও সাম্প্রদায়িক দাঙ্গার প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে বিক্ষোভ মিছিল শেষে কলেজের জিরো পয়েন্টে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ বক্তব্য রাখেন কলেজের অর্থনীতি বিভাগের শিক্ষার্থী সাব্বির আহমেদ, কামরুল ইসলাম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মোহাম্মদ মহসিন, সমাজকর্ম বিভাগের শিক্ষার্থী এসএম হাসান রাজু, লাবন্য রহমান, বাংলা বিভাগের শিক্ষার্থী শাহাদাত হোসেন, আকবর মমিন, পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মোঃ সাহেদ প্রমুখ। বক্তারা বলেন, বিএম কলেজ ক্যাম্পাসে এখন প্রকাশ্যে মাদক সেবন হচ্ছে। অবিলম্বে এই মাদক সেবনকারীদের প্রতিহত করতে হবে। পাশপাশি একটি পক্ষ ক্যাম্পাস দখল ও সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টি করার চেষ্টা করছে তাদেরকেও প্রতিহত করার জন্য শিক্ষার্থীরা প্রস্তুত রয়েছে। বক্তারা আরও বলেন, শেখ হাসিনা সরকারের দোসররা এখনো ক্যাম্পাস দখল করে রেখেছে। তাদেরকে প্রতিহত করার জন্যই সাধারণ শিক্ষার্থীদের এই বিক্ষোভ কর্মসূচি।

## বাকেরগঞ্জ বিএনপির ত্রিবার্ষিক সম্মেলন

**বরিশাল প্রতিবেদক :** জেলার বাকেরগঞ্জ পৌর বিএনপির ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০ পৌর অডিটরিয়ামে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক অধ্যাপক আকন কুদ্দুসুর রহমান। পৌর বিএনপির আহ্বায়ক নাসির উদ্দিন জোমাদ্দারের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধণ করেন বরিশাল দক্ষিণ জেলা বিএনপির আহ্বায়ক ও সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা আবুল হোসেন খান। প্রধান বক্তা ছিলেন, সদস্য সচিব অ্যাডভোকেট আবুল কালাম শাহীন। বিশেষ অতিথি ছিলেন, বাকেরগঞ্জ উপজেলা বিএনপির আহ্বায়ক হারুন অর-রশিদ জোমাদ্দার, সদস্য সচিব নাসির উদ্দিন হাওলাদার। বক্তব্য রাখেন, পৌর বিএনপির সদস্য সচিব শাহাবুদ্দিন তালুকদার শাহিন, উপজেলা বিএনপি যুগ্ন আহ্বায়ক মিজানুর রহমান চুন্নু, আলিম জোমাদ্দার, জাহাঙ্গীর হোসেন, জাহাঙ্গীর হোসেন দুলাল, জিয়াউল আহসান জুয়েল, ইশতিয়া আহাম্মেদ মাসুদ, উপজেলা যুবদলের আহ্বায়ক এনায়েত হোসেন খান বিপু, সদস্য সচিব রুবেল জোমাদ্দার, পৌর যুবদলের আহ্বায়ক আতাউর রহমান রোমান, যুগ্ন আহ্বায়ক ইমরান খান সালাম, সদস্য সচিব মনির হোসেন হাওলাদার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মাহমুদ খান সুমন প্রমুখ। সম্মেলনে বাকেরগঞ্জ পৌর বিএনপির নয়টি ওয়ার্ডের পূর্ণাঙ্গ কমিটির সদস্যদের সাথে পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

## মাছ শিকারে নিষেধাজ্ঞার সময় নির্ধারনের দাবীতে মানববন্ধন

**হাতিয়া, নোয়াখালী প্রতিনিধি :** নোয়াখালী হাতিয়ায় মানববন্ধন করেছে জেলেরা। মা ইলিশ রক্ষায় ২২দিনের নিষেধাজ্ঞসহ বিভিন্ন সময় মাছধরার উপর দেওয়া নিষেধাজ্ঞা পাশ্ববর্তী দেশে ভারতের সাথে মিল রেখে নির্ধারনের দাবীতে এই মাননবন্ধন করা হয়। গতকাল বৃহস্পতিবার সকালে নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ার সূর্যমূখী ঘাটে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন সূর্যমূখী বাজার ও মাছঘাটের সভাপতি মো: আলা উদ্দিন, মাছ ব্যবসায়ী মো: আশ্রাফ মিয়া, ফয়জুর রহমান নান্টু, ও ট্রলার মালিক মো: সালাউদ্দিন সহ প্রায় ৫শতাধিক জেলে, ব্যবসায়ী ও ঘাট শ্রমিকরা। জেলেদের দাবী নিষেধাজ্ঞার সময় বাংলাদেশের জেলেরা মাছধরা থেকে বিরত থাকলেও ভারতসহ বিভিন্ন দেশের জেলেরা এদেশের জল সীমায় এসে মাছ শিকার করে নিয়ে যায়। এই বিষয়ে বিভিন্ন সময় সংশ্লিষ্ট দপ্তরে বলার পরও কোন ফল পাওয়া যায়নি। জেলেদের দাবী মা ইলিশ রক্ষায় ২২ দিনের নিষেধাজ্ঞা সহ বিভিন্ন মাছ ধরার উপর নিষেধাজ্ঞা পাশের দেশ ভারতের সাথে মিল রেখে নির্ধারন করা হোক। জেলেরা আরো দাবী করেন যে, মা ইলিশ রক্ষায় ২২ দিনের নিষেধাজ্ঞার সময় আরো কমিয়ে ১২ দিন করার দাবী জানান তারা।

## চিরিরবন্দরে বিজ্ঞান ক্লাবের অফিস উদ্বোধন

**চিরিরবন্দর, দিনাজপুর প্রতিনিধি :** দিনাজপুরের চিরিরবন্দরে উপজেলা স্কাউটস ও উপজেলা বিজ্ঞান ক্লাবের অফিস উদ্বোধন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টায় উপজেলা চত্বরে উপজেলা স্কাউটস ও বিজ্ঞান ক্লাবের অফিস উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার এ কে এম শরীফুল হক। উপজেলা স্কাউটস কমিশনার মাহতাব উদ্দিন সরকারের সভাপতিত্বে এ সময় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ ফজলে এলাহী, উপজেলা শিক্ষা অফিসার মিনারা বেগম, আইসিটি অফিসার মাইদুল ইসলাম, স্কাউটস সম্পাদক লুৎফর রহমান, স্কাউটস এর সহকারি কমিশনার আলহাজ্ব ইউসুফ আলী, মোরশেদ উল আলম প্রমূখসহ স্কাউটস এর সকল কর্মকর্তা ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## দাকোপে আকর্ষিক ভাঙনে বসতভিটে নদী গর্ভে

**দাকোপ, খুলনা প্রতিনিধি :** দাকোপে আকর্ষিক ভয়াবহ ভাঙনের কবলে অর্ধশত পরিবারের বসতভিটে নদী গর্ভে বিলীন হয়ে গেছে। ঠিকানাহারা পরিবার গুলি এখন খোলা আকাশের নীচে মানবেতর জীবন কাটাচ্ছে। সংশ্লিষ্ট এলাকাবাসী সুত্রে জানা যায়, গতকাল বৃহস্পতিবার ভোর রাত থেকে হটাৎ দেখা দেয় এই ভাঙন। আতঙ্কিত মানুষের ডাক চিৎকারে সকলের ঘুম ভেঙে যায়। মুহুর্তের মধ্যে চোখের সামনে বসত ভিটে কালাবগী সুতারখালী নদী গর্ভে বিলীন হতে দেখে কান্নায় ভেঙে পড়ে ক্ষতিগ্রস্থ পরিবারের সদস্যরা। এর মধ্যে অন্তত ৭/৮ টি পরিবার তাদের পরনে থাকা বস্ত্র ব্যতিত গৃহস্থলির কোন মালামাল রক্ষা করতে পারেনি বলে জানা গেছে। ঘটনাটি ঘটেছে পানি উন্নয়ন বোর্ডের ৩২ নং পোল্ডারের অধীন দাকোপের কালাবগী ৯ নং ওয়ার্ডে। কালাবগী বৃহস্পতি বাজার হতে ফরেষ্ট অফিসের বিপরীত পাড় পর্যন্ত থাকা জনবসতি পড়ে এই ভাঙনের কবলে। বর্তমানে ক্ষতিগ্রস্থ পরিবার গুলি বিশ্বব্যাংকের অর্থায়নে নির্মিত বেড়ীবাঁধের উপর খোলা আকাশের নীচে অত্যান্ত মানবেতর জীবন কাটাচ্ছে। এ ব্যাপারে জানতে চাইলে সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য নিমাই মন্ডল বলেন, সকালে এ সংবাদে ইউপি চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান ক্ষতিগ্রস্থ এলাকা ও পরিবার গুলোর অবস্থা দেখে গেছেন। এর বাইরে অন্য কোন সরকারী পর্যায়ের প্রতিনিধি এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্ষতিগ্রস্থ এলাকা পরিদর্শন করেনি বলে তিনি জানান। উপজেলা নির্বাহী অফিসার আসমত হোসেন জানান, ক্ষতিগ্রস্থদের তালিকা ও তথ্য সংগ্রহ করা হচ্ছে। তাদেরকে যথাযথ সহায়তা দিয়ে পূনবাসন করা হবে।

